

धम्मपद



(धम्मपद नामक सुविख्यात पालि ग्रन्थेर मूल, अन्वय,
संस्कृत व्याख्या, वज्रानुवाद ओ विविध टीका)

(चतुर्थ संस्करण)

जीवनी ओ मौर्या-साम्राज्येर इतिहास लेखक, *Psyche*
Buddhism एवं विशाखाचरित प्रभृति ग्रन्थ प्रणे

श्रीचारुचन्द्र वसु

कर्तृक

सम्पादित, अनुदित, ओ प्रणीत

rights reserved
to the Editor.

{ मूला १५० एक टाका वार आना मात्र
बोर्ड बाँधान २० दुई टाका

প্রকাশক—
টি বিমলানন্দ
৪নং কলেজ স্কোয়ার, কলিকাতা

Ottarpara Jaikrishna Public Library
Accn. No. 3291 Date 6.5.81

প্রাপ্তিস্থান
— গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স
২০৩/১/১ কৰ্ণওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

ও

মহাবোধি সোসাইটি
৪নং কলেজ স্কোয়ার, কলিকাতা।

প্রিন্টার—প্রভাতচন্দ্র রায়
ত্রীগৌরাজ প্রেস,
৭১/১, মির্জাপুর ষ্ট্রিট, কলিকাতা

ভূমিকা

প্রথম সংস্করণ

মদীয় প্রিয়তম সুহৃদ সুবিজ্ঞ ও শ্রদ্ধাভাজন শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় মূল, অম্বয়, ব্যাখ্যা ও অনুবাদসহ ধর্মপদ গ্রন্থ বঙ্গাকরে সম্পাদিত ও প্রকাশিত করিয়া সাধারণের নিরতিশয় ধন্যবাদার্থ হইয়াছেন। চাকবাবু এই গ্রন্থের সম্পাদন বিষয়ে যে বহু আয়াস স্বীকার করিয়াছেন তাহার উল্লেখ আমার পক্ষে নিম্প্রয়োজন। যাহারা তাঁহার গ্রন্থ পাঠ করিবেন, তাঁহারা স্বয়ংই উহা উপলব্ধি করিতে ^{অনু} ^{মতে} ^{কখন}। তাঁহার গায় বিনয়-নয় ব্যক্তি স্বীয় গ্রন্থে আত্ম-প্রশংসা করিবেন না, এই আশঙ্কায় আমি তাঁহার সম্বন্ধে এই ^{স্বঃ} কোন কথাই বলিতে পারিলাম না।

গ্রন্থ সম্বন্ধে আমার বক্তব্য এই যে আমরা শ্রীমদ্ভগবদ্গীতার যেরূপ সমাদর করি, বৌদ্ধগণ ধর্মপদ গ্রন্থেরও তদ্রূপ সমাদর করিয়া থাকেন। ভগবান্ শ্রীকৃষ্ণ যেরূপ সকল ধর্মের সার স্বরূপ গীতোক্ত উপদেশ প্রদান করিয়াছিলেন, বুদ্ধ তথাগতও সেইরূপ ধর্মপদ গ্রন্থে স্বীয় ধর্মের মূল মর্ম সংক্ষিপ্ত ভাবে পরিব্যক্ত করিয়াছেন। ধর্মপদ গ্রন্থ হিন্দু, বৌদ্ধ মুসলমান, খ্রীষ্টান্ প্রভৃতি সকলেরই পাঠ্য। ইহার বিশ্বজনীন উপদেশ কোন ধর্মেরই বিরোধী নহে। যেরূপ পুরাকালে চীন, জাপান, সিংহল, ব্রহ্ম, তিব্বত, ভারত প্রভৃতি সকলস্থানে এই গ্রন্থখানি যত্নের সহিত ও শ্রদ্ধা ভাবে অধীত ও অধ্যাপিত হইত, এখনও সেইরূপ বৌদ্ধদেশমাত্রেই উক্ত গ্রন্থের প্রতি সমাদর অক্ষুণ্ণ রহিয়াছে। শ্রমণগণ উপসম্পদা (Ordination) গ্রহণকালে এই গ্রন্থ কণ্ঠস্থ (অস্ততঃ আবৃত্তি) করিয়া থাকেন।

অনেকস্থলে মনুসংহিতা, মহাভারত প্রভৃতি গ্রন্থের বচনের সহ ধর্মপদ

প্রভৃতি পালি গ্রন্থের বচনের সম্পূর্ণ ঐক্য দৃষ্ট হয়। বুদ্ধঘোষ ধর্মপদ গ্রন্থের অথকথা নামে যে টীকা প্রণয়ন করিয়াছেন তাহাতে যে সকল শ্লোক উদ্ধৃত হইয়াছে, উহার সহও হিন্দু গ্রন্থে উদ্ধৃত শ্লোকের অনেক সৌসাদৃশ্য বিদ্যমান আছে। একটি উদাহরণ এস্থলে উল্লিখিত হইতেছে।

এক সময়ে একটি ব্যাধ জাল পাতিয়া বসিয়াছিল। বহু পক্ষী ঐ জালে বদ্ধ হয়। তখন পক্ষিগণ পরস্পর পরামর্শ করিয়া জাল লইয়া যুগপৎ উড়িয়া গেল। এই ঘটনাপ্রসঙ্গে হিন্দুও বৌদ্ধগ্রন্থে নিম্নলিখিত শ্লোকসমূহ দৃষ্ট হয় :—

মহাভারত

পাশমেকমুভাবেতং সহিতৌ হরতোমম ।

যত্র বৈ বিবদিষ্যতে তত্র মে বশমেঘ্যতেঃ ॥

(উদ্যোগপর্ব, শ্লোক ২৪৬১.) ॥

ঐহীটা পক্ষী সংমিলিত হইয়া আমার জালপাশ হরণ করিল। কিন্তু যখন ইহারা বিবাদ করিবে ; তখন আমার বশে আসিবে।

পঞ্চতন্ত্র

জালমাদায় গচ্ছন্তি সহসা পক্ষিণোহপামী ।

যাবচ্চ বিবদিষ্যন্তে পতিষ্যতি ন সংশয়ঃ ॥

এমন কি পক্ষিগণও জাল লইয়া সহসা উড়িয়া গেল। কিন্তু যখন ইহারা বিবাদ করিবে, তখন নিশ্চয়ই ভূমিতে পতিত হইবে।

হিতোপদেশ

সংহত্যস্ত হরন্ত্যেতে মম জালং বিহঙ্গমাঃ !

যদা তু নিরতিষ্যন্তি বশমেঘ্যন্তি মে তদা ॥ (১—৩৫) ॥

এই পক্ষিগণ মিলিত আমার জাল হরণ করিল। কিন্তু ইহারা যখন ভূমিতে পতিত হইবে, তখন আমার বশে আসিবে।

পালি ।

বক্তক-জাতক ও সূত্রনিপাত-অথকথা

সংমোদমানা গচ্ছন্তি জালমাদায় পকুখিণো ।

যদা তে বিবদিসুসন্তি তদা এহিস্তি মে বসং ॥

পক্ষিগণ সংমিলিত হইয়া আনন্দ সহকারে জাল লইয়া গমন করিতেছে ।
যখন ইহারা পরস্পর বিবাদ করিবে, তখন আমার বশে আসিবে ।

হিন্দুও বৌদ্ধ গ্রন্থে উদ্ধৃত বচন সমূহের ঐক্যের কারণ নির্দেশ করিতে
যাইয়া পাশ্চাত্য পণ্ডিতগণ বলিয়াছেন, পালিভাষার বচন গুলিই মূল;
সংস্কৃতে ঐ সকল বচন কালক্রমে প্রক্ষিপ্ত হইয়াছে, অথবা উহাদের
অনুকরণে সংস্কৃতে অনেক শ্লোক প্রস্তুত হইয়াছে । পাশ্চাত্যপণ্ডিতগণের
মতের সমালোচনা কবা এস্থলে আমার উদ্দেশ্য নহে । মূল ধর্মপদ গ্রন্থের
সংক্ষিপ্ত বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াই আমি ভূমিকার উপসংহার করিব ।

পালিভাষায় বৌদ্ধশাস্ত্র সমূহ তিন শ্রেণীতে বিভক্ত ; যথা, সূত্র (সূত্র),
বিনয় ও অভিধর্ম (অভিধর্ম) । ধর্মপদ গ্রন্থ সূত্রপিটকের অন্তর্গত ।
এই গ্রন্থ অতি প্রাচীন । ইহা ২৬ অধ্যায়ে সম্পূর্ণ হইয়াছে । এই কয়েকটি
অধ্যায়ে নানা প্রস্তাবে গ্রন্থকার কোন্গুলি সংকর্ম ও কোন্গুলি
অসংকর্ম ইহা বর্ণনা করিয়াছেন । গ্রন্থের নাম ধর্মপদ, কিন্তু ধর্মপদের
প্রকৃত অর্থ কি, তাহা এ পর্যন্ত নির্ধারিত হয় নাই । মিঃ গগার্লির মতে
“ধর্মপদের” অর্থ ‘ধর্মের সোপান,’ ; স্পেন্স হাডির মতে “ধর্মের
পথ,” ; ফীর মহোদয়ের মতে “ধর্মের ভিত্তি” ; অধ্যাপক ফজ্জ্বালের
মতে “ধর্মবিষয়ক কান্য ;” মিঃ বীল বলেন, চীন ভাষায় উহার অর্থ
“ধর্মগ্রন্থ” । এইরূপে “পদ” শব্দের অর্থ লইয়াই নানা গোল । “ধর্ম”
শব্দের প্রকৃত অর্থ কি, তাহাত কেহই সূনিশ্চিতরূপে বলিতে পারেন
নাই । কেহ বলেন, ‘ধর্ম’ শব্দের অর্থ “কর্ম,” কাহারও মতে উহার
অর্থ “সংস্কার ;” কেহ কেহ বলেন, “বেদনা, সংজ্ঞা ও সংস্কার”, এই

তিন স্কন্ধই ধর্ম শব্দের অস্তভূত। অগ্গেরা বলেন, “ধর্ম” শব্দের অর্থ “কার্য-কারণ ভাব” ; কেহ কেহ বা ধর্ম শব্দের সামান্ত্যতঃ “পদার্থ” অর্থ স্বীকার করিয়া থাকেন। কোন কোন পাশ্চাত্য গ্রন্থে “ধর্ম” শব্দ “স্বভাব” অর্থে পরিগৃহীত হইয়াছে। এইরূপে “ধর্ম” ও “পদ” শব্দের অর্থ লইয়া নানা মত উপস্থিত হইয়াছে। সহস্র মত সত্ত্বেও পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে বলিয়াছেন, “কার্যকারণ ভাবই ধর্ম শব্দের প্রকৃত তাৎপর্যার্থ।” আমি বর্তমান মুহূর্ত্তে যাহা আছি, তাহা পূর্ব পূর্ব মুহূর্ত্তে যাহা ছিলাম তাহারই পরিণাম মাত্র। আমি পর মুহূর্ত্তে যাহা হইব, তাহাও বর্তমান মুহূর্ত্তে যাহা আছি তাহার ফল মাত্র। এইরূপে কর্মের পরিণামেই আমরা উৎপন্ন ও বিনষ্ট হইতেছি। কর্ম সাধারণতঃ ত্রিবিধ ; যথা, কার্যিক বাচিক ও মানসিক ; আমি কুঠার দ্বারা কোন ব্যক্তির শিরশ্ছেদ করিলাম, এই শিরশ্ছেদ ব্যাপার প্রকৃত প্রস্তাবে “কর্ম” নহে। উক্ত ব্যাপারের অন্ত্যস্তান করিয়া আমার হৃদয়ে যে সংস্কারের উৎপত্তি হইল, তাহাই কর্ম। আমি কর্কশ বচন দ্বারা কোন ব্যক্তিকে ব্যথিত করিলাম, এই ব্যথিত-করণ ব্যাপারও কর্ম নহে ! ঐ ব্যাপার-জনিত সংস্কারই কর্ম। আমি কাহারও অনিষ্ট করিবার অভিলাষ করিলাম, এই অভিলাষ করণও কর্ম নহে ! ঐ ব্যাপার হইতে সমুৎপন্ন সংস্কারই কর্ম ! এই সকল উদাহরণ দ্বারা আমরা দেখিতে পাইলাম, “সংস্কার” ও “কর্ম” একই পদার্থ। এই সংস্কার বা কর্মের পরিণামই “আমি” বা অহং। যেমন অগ্নির দাহিকা শক্তি কাহারও বিনষ্ট করিবার ক্ষমতা নাই, যতক্ষণ অগ্নি থাকিবে, ততক্ষণ ইহার দাহিকা শক্তি থাকিবে, সেইরূপ কর্মের ফল কাহারও প্রতিক্রম করিবার ক্ষমতা নাই। বর্তমান মুহূর্ত্তের কর্ম পর মুহূর্ত্তে ফল প্রসব করিবে, পর মুহূর্ত্তের কর্ম তৎপরবর্ত্তী মুহূর্ত্তের ফল প্রসব করিবে। এই কর্ম-প্রবাহ দ্বারা আমরা নিয়ত পরি-

চালিত হইতেছি। আমাদের সুখ, দুঃখ, উন্নতি, অবনতি এই কর্মের উপর নির্ভর করিতেছে। এই কর্ম সমূহের মধ্যে কার্য-কারণ সম্বন্ধ বিদ্যমান আছে। আমি বর্তমান মুহূর্তে যে দুঃখ অনুভব করিতেছি, উহা আমার পূর্ব মুহূর্তের কর্মের পরিণাম, অতএব দুঃখ ও কর্ম পরমার্থতঃ একই পদার্থ, বিশেষ এই—কর্মটি কারণ ও দুঃখ কার্য। আমার কার্য ও কারণের মধ্যেও কোন প্রভেদ নাই, বর্তমান মুহূর্তে যাহা কারণ বলিয়া পরিগণিত হইতেছে, পর মুহূর্তে উহাই কার্য বলিয়া পরিগণিত হইবে, এবং বর্তমান মুহূর্তে যাহা কার্য, তাহাই পূর্ব মুহূর্তের কারণ, এই আখ্যা লাভ করিয়াছিল। এইরূপে পর্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায়, “কর্ম,” “সংস্কার,” “স্বভাব,” “কায্য-কারণ-ভাব,” “পদার্থ,” ইত্যাদি সমস্তই পবম্পব অভিন্ন। “ধর্ম” শব্দের অর্থ “কর্ম”ই হউক, “সংস্কার”ই হউক, “স্বভাব”ই হউক আব “পদার্থ”ই হউক, উহা “কায্যকারণ-ভাব” মাত্র। যেহেতু “ধর্ম” বা কর্মের প্রভাব কেহই পরিহার করিতে পারেন না। অতএব ধর্ম কি, তাহা পরিজ্ঞাত হওয়া সকলেরই কর্তব্য। এই পদার্থ বুঝাইবার জন্মই বুদ্ধদেব “ধর্মপদ” গ্রন্থের অবতারণা করিয়াছিলেন। ধর্মপদ গ্রন্থের প্রথম অধ্যায়েই লিখিত আছে, বলৌবদ যেমন নিয়ত শকটচক্রের অনুধাবন করে, সেইরূপে কর্মসমূহ ও জীবের সতত অনুসরণ করিয়া থাকে।

খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর প্রারম্ভে বুদ্ধঘোষ পালিভাষায় ধর্মপদের টীকা বিরচন করেন। তিনি প্রত্যেক শ্লোকের ব্যাখ্যার সঙ্গে সঙ্গে এক একটা উপাখ্যান উল্লিখিত করিয়াছেন। কথিত আছে, স্বয়ং বুদ্ধদেব ঐ সকল উপাখ্যান তাঁহার শিষ্যগণের নিকট বর্ণন করিয়া-ছিলেন। বৌদ্ধগণ বলিয়া থাকেন, বুদ্ধের নির্বাণের অব্যবহিত পরে, রাজগৃহ নগরে প্রথম বোধিসত্ত্ব কালে ধর্মপদ গ্রন্থ বিরচিত হইয়াছিল।

খ্রীষ্টীয় ৫ম শতাব্দীর প্রারম্ভে বুদ্ধঘোষের আবির্ভাব হয়। তিনি ধর্মপদের টীকা লিখিতে যাইয়া বলিয়াছেন, ধর্মপদ গ্রন্থে যাহা আছে, উহা সমস্তই বুদ্ধের উক্তি। প্রথমবোধিসত্ত্বকালে ঐ সমস্ত উক্তি গ্রন্থাকারে সংগৃহীত হইয়াছিল।

অধ্যাপক মোক্ষমূলর বলেন, বুদ্ধঘোষ স্বীয় টীকায় ধর্মপদের মূল শ্লোক সমূহের বহু পাঠান্তর উল্লেখ করিয়াছেন। যে সকল হস্তলিখিত পুস্তক হইতে ঐ পাঠান্তর সমূহ উদ্ধৃত হইয়াছিল ঐ সকল পুস্তকের প্রতিলিপি বত্তগামনির রাজত্বকালে খ্রীষ্টপূর্ব ৮৮—৭৬ অব্দে রচিত হয়।

খ্রীষ্টীয় ৪১০—৪৩২ অব্দে মহানাথ নামক পণ্ডিত “মহাবংস” নামে সিংহলের এক ইতিহাস রচনা করেন। প্রথম ৩৭ অধ্যায় মহানাথের রচিত। এই ৩৭ অধ্যায়ে বর্ণিত আছে, বুদ্ধঘোষ মগধ হইতে সিংহলের অন্তর্গত অনুরাধাপুর নগরে গমন করেন এবং সিংহলীয় অথকথা (অর্থ-কথা) পালিভাষায় অনুবাদিত করেন।

“মহাবংস” গ্রন্থে বুদ্ধঘোষের জীবনচরিত সংক্ষেপে বর্ণিত আছে। মগধের বোধিজন্ম সমীপে এক ব্রাহ্মণ যুবক বাস করিতেন। তিনি সমগ্র বিদ্যায় ও সমগ্র কলায় স্থনিপুণ ছিলেন এবং বেদত্রয় সম্পূর্ণরূপে আয়ত্ত করিয়াছিলেন। তিনি একদা রেবত নামক একজন বৌদ্ধ ভিক্ষুর সহিত তর্কে প্রবৃত্ত হন, এবং পরাজিত হইয়া বিজিতার ধর্ম গ্রহণ করেন। উক্ত ব্রাহ্মণের স্বর বুদ্ধদেবের শ্রায় ওজস্বী ও স্তমধুর ছিল বলিয়া বৌদ্ধগণ তাঁহাকে বুদ্ধঘোষ, এই উপনাম প্রদান করেন। বৌদ্ধধর্মে দীক্ষিত হওয়ার পর তিনি বুদ্ধঘোষ নামেই প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। দীক্ষা গ্রহণান্তর বুদ্ধঘোষ “জ্ঞানোদয়” নামে একখানি বৌদ্ধগ্রন্থ প্রণয়ন করেন। অনন্তর তিনি ত্রিপিটকের টীকা বিরচন করিবার মানস করেন। এই সময়ে রেবত ভিক্ষু তাঁহাকে বলিলেন, “অশ্বঘীপে”

ত্রিপিটকের মূলগ্রন্থ মাত্র বিদ্যমান আছে, কিন্তু উহার ব্যাখ্যা এদেশে বর্তমান নাই। সুবিজ্ঞ মহেন্দ্র খৃষ্টপূর্ব ২৪১ অব্দে সিংহলী ভাষায় ত্রিপিটকের যে ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন, উহা অবলম্বন করিয়া পালি-ভাষায় ত্রিপিটকের টীকা বিরচন কর। ইহাতে জগতের প্রকৃত মঙ্গল সাধিত হইবে।” রেবত ভিক্ষুর পরামর্শানুসারে বুদ্ধঘোষ সিংহল যাত্রা করেন। এই সময়ে (৪১০—৪৩২ খৃঃ অব্দ পর্য্যন্ত) মহানাথ সিংহলের রাজা ছিলেন। বুদ্ধঘোষ সিংহলের অনুরাধপুর নগরস্থিত মহাবিহারে উপস্থিত হইয়া স্থবির সিংঘপালের নিকট ত্রিপিটকের সিংহলী ব্যাখ্যা শ্রবণ করেন। তদনন্তর তিনি পালি ভাষায় বিশ্বন্ধি মগ্গো (বিশুদ্ধিমার্গ) নামক একখানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করেন। সিংহলবাসিগণ তাঁহার অসাধারণ বিদ্যাবত্তায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে অথকথা (অর্থকথা) নামক পুস্তক প্রদান করেন। এই অথকথাই ত্রিপিটকের পালি ব্যাখ্যা। বুদ্ধঘোষ এই অথকথা পালিভাষায় অনুবাদিত করিয়া জম্বুদ্বীপে ত্রিপিটকের যথার্থ ব্যাখ্যা প্রচার করেন। বুদ্ধঘোষ সিংহল হইতে যে সমস্ত বৌদ্ধগ্রন্থেব উদ্ধার করেন, ব্রহ্ম বা তৈলঙ্গী অক্ষরে ঐ সকল গ্রন্থের প্রতিলিপি প্রস্তুত হয়। এইরূপে ক্রমে ব্রহ্মদেশে বৌদ্ধধর্মের প্রচার বৃদ্ধি হয়।

১৮৫৫ খ্রীষ্টাব্দে ডেনমার্কবাসী সুপ্রসিদ্ধ ডক্টর ফ্রঙ্কবোল্ ধর্মপদের এক অত্যুৎকৃষ্ট সংস্করণ প্রকাশ করেন। ঐ সময়ে তিনি উক্ত গ্রন্থ লাতীন ভাষায় অনুবাদ করিয়া ইউরোপীয় পণ্ডিতমণ্ডলীর চিত্র আকর্ষণ করেন। তদনন্তর বার্ন, গগালি, উফম, ওয়েবার, প্রভৃতি পণ্ডিতগণ ধর্মপদগ্রন্থ ফরাসী, ইংরাজী, ইত্যাদি ভাষায় অনুবাদিত করিয়া উহার প্রচার বৃদ্ধি করেন। ১৮৮২ খৃঃ অব্দে অধ্যাপক মোক্ষমূলব ধর্মপদ গ্রন্থ ইংরেজী ভাষায় অনুবাদিত করিয়া প্রাচ্য ধর্মগ্রন্থশ্রেণী মধ্যে প্রকাশিত করেন। ১৮৭১ খৃঃ অব্দে লণ্ডন রয়েল্ এশিয়াটিক্ সোসাইটির জার্নালে

অধ্যাপক চাইলডাস মহোদয় ধম্মপদ সম্বন্ধে নানা গবেষণাপূর্ণ একটা সুদীর্ঘ প্রবন্ধ প্রকাশিত করেন। ১৮৭১ খৃঃ অব্দে ডাক্তার জেমস্ আল্ উইস্ সিংহলী জার্নালে ধম্মপদের এক সুবিস্তৃত সমালোচনা প্রকাশ করেন। ১৮৭৮ খৃঃ অব্দে ফার্নন্দ হু ধম্মপদ গ্রন্থ ফরাসী ভাষায় অনুবাদিত করেন। ডাক্তার রিজ্‌ডেভিড্‌স্‌ও ধম্মপদের অনেক অংশ ভাষান্তরিত করেন। ১৮৭৮ খৃঃ অব্দে রেফারেণ্ড বীল্ চীন ভাষায় অনুবাদিত ধম্মপদ গ্রন্থের ইংরেজী ভাষায় অনুবাদ করেন। এই সময়ে সুপ্রসিদ্ধ সীফ্‌নার তীক্ষ্ণতীয় ভাষায় অনুবাদিত ধম্মপদ গ্রন্থের জার্মান্ অনুবাদ প্রকাশ করেন। বীল্ বলেন, চীন ভাষায় ধম্মপদ গ্রন্থের চারিখানি অনুবাদ প্রাপ্ত হওয়া যায়। একখানি খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীর প্রারম্ভে, দ্বিতীয় খানি ২২৩ খ্রীষ্টাব্দে, তৃতীয় খানি ৪১০ খ্রীষ্টাব্দে ও চতুর্থ খানি ৮ম শতাব্দীতে প্রস্তুত হইয়াছিল। চীন অনুবাদের ভূমিকায় লিখিত আছে আয্যধর্মত্রাত নামক পণ্ডিত ভারতবর্ষ হইতে ধম্মপদ গ্রন্থ চীন প্রদেশে লইয়া গিয়াছিলেন। ধর্মত্রাত বসুমিত্রের পিতৃব্য। বসুমিত্র কনিষ্কের সমসাময়িক, অতএব খৃঃ পূঃ ১ শতাব্দীর লোক। ১৮৯৮ খ্রীষ্টাব্দে ধম্মপদ গ্রন্থের মূল ও বুদ্ধঘোষের টীকা কলিকাতা বুদ্ধিষ্ট টেক্‌স্ট সোসাইটী কর্তৃক প্রকাশিত হয়। আজকাল চতুর্দিকে প্রাচ্য-ভাষা সমূহের ধেরূপ অনুশীলন হইতেছে তাহাতে আমরা আশা করি চারুবাবুকৃত ধম্মপদের নূতন সংস্করণ খানি পণ্ডিত সমাজে বিশেষরূপে আদৃত হইবে ও পালিভাষা শিক্ষার পথ উন্মুক্ত করিবে। একরূপ মহামূল্য গ্রন্থ সর্বসাধারণের উপযোগী হইয়া প্রকাশিত হইল, ইহা বড়ই আনন্দের।

প্রেসিডেন্সি কলেজ,

কলিকাতা,

৩রা এপ্রেল, ১৯০৪।

শ্রীসতীশচন্দ্র আচার্য্য বিদ্যাভূষণ।

দ্বিতীয় সংস্করণ ।

ধম্মপদ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল । ইহাতে স্থানে স্থানে কিঞ্চিৎ পরিবর্তন ও পরিবর্দ্ধন করা হইয়াছে । প্রথম সংস্করণের প্রতি সাধারণে যেরূপ আগ্রহ ও সহানুভূতি প্রদর্শন করিয়াছিলেন আশা করি এই সংস্করণেব প্রতিও তাঁহাবা সেইরূপ সাহুকম্প দৃষ্টিপাত করিবেন ।

সংবাদ পত্র ও মাসিক পত্রের সম্পাদকগণ স্ব স্ব পত্রিকায়-এই গ্রন্থের সমালোচনা প্রকাশ করিয়া গ্রন্থকাবকে কৃতজ্ঞতা পাশে বদ্ধ করিয়াছেন । আবাব কেহ কেহ অনুলগ্রহ করিয়া বিষয়বিশেষের প্রতি তাঁহাব দৃষ্টিও আকর্ষণ করিয়াছেন । সমালোচনাগুলি ইদানীং আমাদের সমক্ষে উপস্থিত না থাকায় সর্বত্র সম্পাদকগণের প্রদত্ত উপদেশ অনুসাবে কার্য্য করিতে পাবিলাম না ।

আমার মনে পড়ে প্রবাসী সম্পাদক মহাশয় লিখিয়াছিলেন বর্তমান ধম্মপদ গ্রন্থ অসম্পূর্ণ, ইহাতে কেবল ২৬টি ‘বগ্গ’ বা অধ্যায় আছে, মূল ধম্মপদে ৩২টি অধ্যায় ছিল ; বর্তমান ধম্মপদের শ্লোক সংখ্যা ৪২৩, মূল ধম্মপদে ৭৫২ শ্লোক ছিল । অতএব তাঁহার মতে আমাদের অপর ১৩টি অধ্যায় ও ৩২২টি শ্লোক অনুসন্ধান করা উচিত । ইহার উত্তরে আমার বক্তব্য এই, বর্তমান ধম্মপদ গ্রন্থ অসম্পূর্ণ নহে, মূল ধম্মপদের সর্বশুদ্ধ ৩৬ অধ্যায় এবং ৪২৩ শ্লোক ছিল । বুদ্ধঘোষের “অংথ কথা” ব পালি টীকা পাঠ করিলে ইহা স্পষ্টই বুঝিতে পারা যায় । বুদ্ধঘোষ লিখিয়াছেন :—

ষমকং অল্পমদং চিত্তং পুপ্ফং বালেন পণ্ডিতং ।

অরহন্তং সহস্বেন পাপং দণ্ডেন তে দশ ॥

জরা অত্তা চ লোকো চ বুদ্ধঃ সুখং পিয়েন চ ।
 কোধং মলয়ঞ্চ ধম্মট্টং মগ্গং বগ্গেন বীসতি ॥
 পকিণ্ণং নিরয়ং নাগো তণ্হং ভিক্খু চ ব্রাহ্মণো ।
 এতে ছব্বীসতী বগ্গা দেসিতাদিচ্চবক্কুনা ॥

যমক, অগ্নমাদ, চিত্ত, পুপ্ফ, বাল, পণ্ডিত, অরহন্ত, সহস্‌স, পাপ, দণ্ড, জরা, অত্তা, লোক, বুদ্ধ, সুখ, পিয়, কোধ, মল, ধম্মট্ট, মগ্গ, পকিণ্ণ, নিরয়, নাগ, তণ্হা, ভিক্খু ও ব্রাহ্মণ—বুদ্ধদেব সৰ্ব্বশুদ্ধ এই ছাব্বিশটি অধ্যায় শিক্ষা দিয়াছিলেন ।

বুদ্ধঘোষ লিখিয়াছেন :—

গাথাসতানি চত্তারি তেবীসা চ পুনাপরে ।

ধম্মপদে নিপাতম্‌হি দেসিতাদিচ্চবক্কুনা ॥

ধম্মপদের সমস্ত অধ্যায়ে সৰ্ব্বশুদ্ধ ৪২৩টি গাথা (শ্লোক) বুদ্ধদের প্রচার কবিয়াছিলেন ।

উল্লিখিত বচনে আমরা দেখিতে পাইলাম পালি ধম্মপদে সৰ্ব্বশুদ্ধ ২৬ অধ্যায় ও ৪২৩ শ্লোক বিদ্যমান ছিল । ইহা বোধ হয় কাহারও অবিদিত নাই যে, সিংহল, চীন, তিব্বত প্রভৃতি দেশে সে সকল ধম্মপদ বিদ্যমান আছে তন্মধ্যে পালিভাষার ধম্মপদই সৰ্ব্বপ্রাচীন ও মৌলিক গ্রন্থ ।

প্রবাসীসম্পাদক মহাশয় বোধ হয় রেভারেণ্ড বীল মহোদয়ের অনুবাদিত চীনভাষার ধম্মপদ গ্রন্থ দেখিয়া স্বীয় মন্তব্য প্রকাশ করিয়াছেন । চীন ভাষায় ধম্মপদ গ্রন্থের চারিখানি অনুবাদ বিদ্যমান আছে । ২২৪ খৃঃ অক্কে বিয় ও লুহ-বেন নামক পণ্ডিত দ্বয় চীন ভাষায় ধম্মপদের প্রথম অনুবাদ প্রকাশিত করেন । এই অনুবাদ গ্রন্থে সৰ্ব্বশুদ্ধ ৩২টি অধ্যায় ও ৭৫২টি শ্লোক বিদ্যমান আছে । ২০২-৩০৬ খৃঃ অক্কে কা-চু ও কা-লি নামক দুই জন শ্রমণ ধম্মপদের দ্বিতীয় অনুবাদ প্রকাশিত

করেন। ইহাতেও ৩৯টি অধ্যায় বিদ্যমান আছে। ৩৯৮—৩৯৯ খৃঃ
অঙ্কে চু-কো-নিয়েন কর্তৃক ধর্মপদের তৃতীয় অনুবাদ প্রকাশিত হয়।
ইহাতে ৩৩টি অধ্যায় বিদ্যমান আছে। ৯৮০-১০০১ খৃঃ অঙ্কে থিন-সি
চাই নামক শ্রমণ ধর্মপদের শেষ অনুবাদ প্রকাশিত করেন। ইহাতেও
সর্বশুদ্ধ ৩৩টি অধ্যায় দেখিতে পাওয়া যায়।

প্রথম চাইনিজ অনুবাদের ভূমিকায় লিখিত আছে মূল ধর্মপদে
২৬ অধ্যায় ও ৪২৩ শ্লোক বিদ্যমান ছিল। এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে
চীন অনুবাদে ১৩টি অতিরিক্ত অধ্যায় ও ৩২৯টি অতিরিক্ত শ্লোক
কোথা হইতে আসিল? চীন অনুবাদের ভূমিকা মনোযোগ পূর্বক
পাঠ করিলে দেখিতে পাওয়া যায়, যে সময়ে ধর্মপদ গ্রন্থ অনুবাদিত
হয় সেই সময়ে অনুবাদকাবী শ্রমণগণ নানা বৌদ্ধগ্রন্থ হইতে
উপদেশপূর্ণ শ্লোক সংগ্রহ করিয়া ধর্মপদের সহ ঐ অতিরিক্ত
শ্লোকগুলি সংযুক্ত করিয়া দেন। অতএব এই অতিরিক্ত শ্লোকগুলি
না থাকায় পালি ধর্মপদ অসম্পূর্ণতা দোষে দূষিত হয় নাই।
চীন ভাষার ভূমিকায় ইহাও লিখিত আছে যে ধর্মত্রাত নামক
পণ্ডিত ধর্মপদ গ্রন্থ সংস্কৃত ভাষায় সংকলন করেন। ধর্মত্রাত
বসুমিত্রের পিতৃবা, রাজা কনিষ্কের সময়ে যে চতুর্থ বোধি-সভার
প্রতিষ্ঠা হয়, বসুমিত্র সেই সভার অধিনায়ক ছিলেন। ধর্মত্রাতের
সঙ্কলিত ধর্মপদ গ্রন্থ এই সভায় পঠিত ও মৌলিক মহাযান ধর্মগ্রন্থ
বলিয়া পরিগণিত হয়। আমার বোধ হয় মূল পালি ধর্মপদই
ধর্মত্রাত সংস্কৃতে রূপান্তরিত করিয়াছিলেন। এই রূপান্তরকরণের সময়ে
তিনি বোধ হয় কাঃ পয় শ্লোক ও অধ্যায় যোগ করিয়াছিলেন। যদি
এই মত ষথার্থ হয় তাহা হইলে আমরা বলিতে পারি খৃঃ পূঃ ৪৪ অঙ্কে
রাজা কনিষ্কের সময়ে মূল পালি ধর্মপদে ১৩টি অধ্যায় ও ৩২৯টি শ্লোক
যোগ করা হইয়াছিল। অন্যথা ইহা স্বীকার করিতে হইবে যে

৩য় শতাব্দীতে ভারতে ও চীনের শ্রমণগণ মূল ধর্মপদ চীন ভাষায় অনুবাদিত করিতে যাইয়া উল্লিখিত অতিরিক্ত শ্লোক ও অধ্যায় কয়েকটা যোগ করিয়াছিলেন। যে সময়েই উহা যুক্ত হউক না কেন মূল ধর্মপদে ঐ সকল অতিরিক্ত শ্লোক ও অধ্যায় ছিল না, ইহা মুক্তকণ্ঠে স্বীকার করিতে হইবে। প্রথম সংস্করণের ভূমিকায় উক্ত হইয়াছে মূল ধর্মপদ রাজা অশোকের পূর্বে এমন কি খঃ পূঃ ৬ষ্ঠ শতাব্দীতে প্রথম বোধিসত্ত্ব কালে বিদ্যমান ছিল। ঐ সময়ে বৌদ্ধ গ্রন্থে সংস্কৃত ভাষা ব্যবহৃত হইত না। রাজা কনিষ্কই বৌদ্ধগ্রন্থে সংস্কৃত ভাষার বহুল প্রচার করেন। অতএব তাঁহার সময়ে ধর্মত্রাত মূল পালি ধর্মপদ সংস্কৃতে রূপান্তরিত করিয়া কতিপয় শ্লোক যোগ করিয়াছিলেন—এমত অসঙ্গত নহে। এই সংস্কৃত ধর্মপদই চীনভাষার অনুবাদিত হইয়াছিল।

বঙ্গদর্শনেব সুযোগ্য সম্পাদক মহাশয় লিখিয়াছেন—মূলের যে সকল কথার অর্থ সুস্পষ্ট নহে, অনুবাদে তাহা যথাযথ ব্যাখ্যা দেওয়াই কর্তব্য। উদাহরণ স্বরূপে তিনি স্বয়ং প্রথম শ্লোকের এইরূপ অনুবাদ করিয়াছেন :—

“ধর্মসমূহ মনঃপূর্ব্বঙ্গম, মনঃশ্রেষ্ঠ, মনোময়”।

এস্থলে বক্তব্য এই সংস্কৃত ভাষাভিজ্ঞ পণ্ডিতের নিকট উল্লিখিত আক্ষরিক অনুবাদ কোন কোন প্রয়োজনে আসিতে পারে, কিন্তু সাধারণ পাঠক ঐ অনুবাদ পাঠ করিয়া কোন অর্থই গ্রহণ করিতে পারেন না। এই হেতু সাধারণ পাঠকের প্রতি লক্ষ্য করিয়া অনুবাদ স্থানে স্থানে ব্যাখ্যার আকারে প্রকাশিত করা হইয়াছে।

সম্পাদক মহাশয় আরও লিখিয়াছেন :—“মনই ধর্মসমূহের মধ্যে শ্রেষ্ঠ” বলিলে ভাল অর্থগ্রহ হয় না।

ইহার উত্তরে বক্তব্য এই, জটিল দার্শনিক বিষয় ইহার অপেক্ষা

অধিকতর সহজ ভাষায় প্রকাশ করা কঠিন। উল্লিখিত বাক্যের তাৎপর্য এই যে সংসারে যত ধর্ম (বা পদার্থ) আছে তাহার মধ্যে মন নামক ধর্ম (বা পদার্থ)ই শ্রেষ্ঠ। মনের সংযোগ ব্যতীত কোন ধর্ম (পদার্থ)ই আমাদের জ্ঞানের বিষয়ীভূত হয় না, অতএব মনই পদার্থ সমূহের নেতা। বুদ্ধঘোষ লিখিয়াছেন :—

ন হি তে মনে অন্তঃস্বপ্নস্তে উল্লঙ্ঘিতুঃ সঙ্কোস্তি, মনো পন একচ্চেসু চেতসিকেসু অন্তঃস্বপ্নস্তেসু পি উল্লঙ্ঘতি য়েব। অধিপতিবসেন পন মনো সেট্ঠো এতেসন্তি মনো সেট্ঠা, যথা হি চোরাদীনং চোর জেট্ঠকাদয়ো অধিপতিনো সেট্ঠা তথা তেসম্পি মনো সেট্ঠো।

বুদ্ধঘোষের টীকার তাৎপর্য এই মনের সহকারিতা ব্যতীত কোন পদার্থই প্রকাশিত হয় না, কিন্তু মন স্বপ্রকাশ, অতএব পদার্থ সমূহের মধ্যে মন শ্রেষ্ঠ। ইহাতে ত অর্থগ্রহের কোন প্রতিবন্ধক দেখিতেছি না। ধর্ম শব্দের অর্থের কিছু বিশেষত্ব আছে মাত্র। তাহা এই বর্তমান সংস্করণের প্রথম শ্লোকের ফুটনেটে প্রদর্শিত হইয়াছে।

সুবিজ্ঞ বাস্কব-পত্রিকার সম্পাদক মহাশয় বৌদ্ধনীতির ভূয়সী প্রশংসা করিয়াছেন বটে, কিন্তু বৌদ্ধদর্শনের “শুদ্ধ শুদ্ধ শূন্যবাদে” তাহার ঘোর অনাস্থা দৃষ্ট হয়। প্রকৃত প্রস্তাবে শূন্যবাদ একরূপ অনাস্থার বিষয় নহে। শূন্যবাদ “শুদ্ধ” বটে কিন্তু ইহা “শুদ্ধ” নহে। “শূন্য” এই নাম শ্রবণ করিলে বৌদ্ধগণের হৃদয়ে এক অনির্করচনীয় রসের সঞ্চার হয়। কোটি কোটি মানব এখনও শূন্যের অন্তঃসন্ধানে সমগ্র জীবন উৎসর্গ করিয়া থাকেন। শূন্যবাদ দর্শন শাস্ত্রের শিরোরত্ন। এ পর্য্যন্ত দার্শনিক চিন্তা শূন্যের অপেক্ষা কোন অধিকতর উচ্চ শিখরে অধিরোহণ করিতে সমর্থ হয় নাই। শূন্য মানব চিন্তার সর্বোচ্চ বিক্রাম স্থান। প্রাচ্য ও পাশ্চাত্য জনপদে দার্শনিকগণ অনেক উচ্চ বস্তুর কল্পনা করিয়াছেন বটে, কিন্তু সকল বস্তুতেই কোন না কোন কলঙ্ক

আছে। সর্বত্রই স্বাধীন চিন্তার প্রতিবন্ধক আছে, কেবল শূণ্ঠই সর্বতোভাবে নিষ্কলঙ্ক পদার্থ, এখানে স্বাধীন চিন্তার অব্যাহত প্রসার। শূণ্ঠমাৎকারই জীবের পরমপুরুষার্থ। শূণ্ঠই যোগীর পরম ধ্যেয় পদার্থ। শূণ্ঠ প্রত্যক্ষ হইলে যুদ্ধ ও অশ্বদের ভেদ তিরোহিত হইবে। সুখ ও দুঃখ উভয়ই বিলয় প্রাপ্ত হইবে। হ্রস্ব ও দীর্ঘ অভিন্ন বলিয়া প্রতীয়মান হইবে। এখানে “অস্তি”ও নাই, “নাস্তি”ও নাই। এখানে “অস্তি” “নাস্তি” র সমন্বয়। এখানে উৎপত্তি ও বিনাশ, ক্ষণিকত্ব ও নিত্যত্ব, একত্ব ও নানাত্ব, আগমন ও নির্গমন এই সকল আপাতবিরুদ্ধ ধর্ম পরস্পরের সহ বিরোধ ত্যাগ করিয়া অবস্থিত আছে। এখানে ভাব ও অভাবের সমন্বয়, এখানে উৎপত্তি ও বিনাশের সামঞ্জস্য, এখানে ক্ষণিকত্বের সহ নিত্যত্বের বিরোধ নাই, এখানে একত্ব ও নানাত্বের মিলন, এখানে আগমন ও নির্গমন ক্রিয়া একই ভাবে নিষ্পন্ন হয়। এই পদার্থটী বাস্তবিক পক্ষে অবাচ্য, অনির্দর্শন, অপ্রতিষ্ঠ, অনাভাস, অনিকেত ও অবিজ্ঞপ্তিক। বুদ্ধদেব এই পদার্থের বর্ণনা করিতে অসমর্থ হইয়া বলিয়াছেন— “অনক্ষরশ্চ ধর্মশ্চ শ্রুতিঃ কা দেশনা চ কা ?” আর বেদ যে পদার্থের সম্বন্ধে বলিয়াছেন “যতো বাচো নিবর্তন্তে অপ্রাপ্য 'মনসা সহ'” সেই পদার্থ শূণ্ঠ ভিন্ন আর কিছুই নহে। বুদ্ধতথাগত প্রিয় শিষ্য স্ফুটিকে বলিয়াছেন—“গন্তীর মিত্তি স্ফুটে শূণ্ঠতায়্যা এতদধিবচনম্,” হে স্ফুটে “গন্তীর” এইটী শূণ্ঠতার নাম ; “শূণ্ঠতায়্যা এতদধিবচনং যদপ্রমেয়মিত্তি” শূণ্ঠতার, এই নাম যথা অপ্রমেয় ; “যে চ স্ফুটে শূণ্ঠা অক্ষয়া অপিত্তে,” হে স্ফুটে অক্ষয় ও শূণ্ঠ একই পদার্থ। তথাগত আরও বলিয়াছেন—

শূণ্ঠমাধাত্মিকং পশ্য পশ্য শূণ্ঠং বহির্গতম্ ।

ন বিজ্ঞতে সোহপি কশ্চিদ যো ভাবয়তি শূণ্ঠতাম্ ॥

আধ্যাত্মিক জগৎ শূন্য বলিয়া দেখ, বাহ্যজগৎ শূন্য বলিয়া দেখ, যিনি শূন্যতা ভাবনা করিবেন তিনি নিজেকেও শূন্য বলিয়া ভাবিবেন ।

বোধিচর্যাবতার গ্রন্থে শাস্তিদেব বলিয়াছেন—“তন্মায়িবিচিকিৎসেন ভাবনীয়ৈব শূন্যতা” অতএব নিঃসন্দেহ চিত্তে শূন্য ভাবনা করিবে । “শূন্যতা দুঃখ সমনী ততঃ কিং জায়তে ভয়ম্” শূন্যতাই সকল দুঃখের প্রমোচিকা, শূন্যতাজ্ঞান হইলে আর কিসের ভয় ।

ধর্মপদ গ্রন্থের সহ শূন্যবাদের বিশেষ সম্বন্ধ না থাকায় এই বিষয় সম্বন্ধে এস্থলে অধিক কিছু লিখিত হইল না ।

প্রেসিডেন্সী কলেজ.

কলিকাতা ।

৭—৬—০৫ ।

শ্রীসতীশচন্দ্র আচার্য্য বিদ্যাভূষণ ।

সম্পাদকের নিবেদন ।

প্রথম সংস্করণ ।

ধর্মপদ গ্রন্থখানি সূত্র পিটকের অন্তর্গত, ইহা একখানি অতি প্রাচীন ও বিখ্যাত বৌদ্ধধর্মগ্রন্থ । সিংহল, ব্রহ্ম, শাম, চীন, জাপান ও তিব্বত দেশে ভক্তির সহিত এই গ্রন্থ পঠিত হয় । বৌদ্ধদিগের এরূপ প্রিয় গ্রন্থ আর নাই । হিন্দুদিগের নিকট শ্রীমদ্ভাগবদ্গীতা যেমন, খৃষ্টিয়ানদিগের নিকট বাইবেল গ্রন্থ যেমন, বৌদ্ধদিগেব নিকট ধর্মপদ গ্রন্থও সেইরূপ । নীতির উৎকর্ষ সম্বন্ধে এরূপ পুস্তক জগতে বিরল ; বৌদ্ধধর্ম নীতিপ্রধান ধর্ম । এই পুস্তকে সেই নীতিমূলক ধর্মেরই শ্রেষ্ঠতা প্রতিপন্ন করা হইয়াছে । ইহার উপদেশগুলি সহজ, সরল ও হৃদয়স্পর্শী, ইহার মধ্যে দর্শনের জটিলতা বা ভাবের অস্পষ্টতা নাই । এই পুস্তকে গ্রথিত উপদেশ গুলি, সকল সম্প্রদায়ের উপযোগী ।

* * * * *

সমগ্র বৌদ্ধগ্রন্থের মধ্য হইতে ধর্মপদ গ্রন্থখানি প্রকাশের জন্য মনোনয়ন করিবার দ্বিতীয় কারণ এই যে, পালি ভাষা শিক্ষা করিবার পক্ষে এরূপ উপযোগী গ্রন্থ আর নাই, ইহার ভাষা সহজ ও সরল । ভাষার সরলতায় ও ভাবের মনোহারিত্বে এরূপ পুস্তক জগতে বিরল । কয়েক বৎসর পূর্বে ডেনমার্ক দেশীয় সুপ্রসিদ্ধ পণ্ডিত ফজ্জবোল সাহের ধর্মপদের যে লাতিন সংস্করণ বাহির করিয়াছেন এ পুস্তকে অনেক স্থলে তাহারই পাঠ গ্রহণ করা গিয়াছে ; পরন্তু সেই পাঠের সহিত সিংহল ও ব্রহ্মদেশীয় এবং শামদেশ হইতে প্রকাশিত ত্রিপিটকের যে বিশুদ্ধ রাজসংস্করণ প্রকাশিত হইয়াছে, সেই সকল গ্রন্থের মূলের সহিত মিলান হইয়াছে ।

যেখানে কোন প্রকার ভিন্ন পাঠ দৃষ্টিগোচর হইয়াছে, ফুট নোটে সেই বিষয় উল্লেখ করা গিয়াছে। অনুবাদটি যতদূর সম্ভব প্রামাণ্য করা গিয়াছে, সেই সঙ্গে বৌদ্ধদর্শনের কঠিন পরিভাষা সকল পরিত্যক্ত হইয়াছে।

১-৪-০৪

শ্রীচারুচন্দ্র বসু।

দ্বিতীয় সংস্করণ।

ভগবদ্‌কৃপায় ধর্মপদের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। প্রায় এক বৎসর পূর্বে এই পুস্তক প্রথম প্রকাশিত হয়। পুস্তকখানি প্রকাশিত হইবার পব, বিদ্বন্মণ্ডলা যেরূপ আগ্রহ ও উৎসাহের সহিত উহা গ্রহণ করিয়াছিলেন তাহা অতীব আশাশ্রিত। যাবতীয় সংবাদ পত্রের সম্পাদকগণ একবাক্যে স্ব স্ব সমালোচনায় গ্রন্থখানিকে যেরূপ উচ্চস্থান প্রদান করিয়াছেন তজ্জগৎ অনুবাদক সকলের নিকট বিশেষরূপে কৃতজ্ঞতা পাশে বদ্ধ।

* * * * *

৫ই জুন, ১৯০৫

শ্রীচারুচন্দ্র বসু

তৃতীয় সংস্করণের নিবেদন

ধর্মপদের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল, ইহাতে অনেক বিষয় পরিবর্তিত ও পরিবদ্ধিত হইয়াছে, সেইজন্য পুস্তকের কলেবরও যথেষ্ট বৃদ্ধি হইয়াছে।

তৃতীয় সংস্করণ প্রস্তুত করিলকালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পালি অধ্যাপক নন্দীয়া সূর্যদেব সুপণ্ডিত শ্রমণ পূনানন্দ ভিক্টর যথেষ্ট সাহায্য লাভ করিয়াছি, সমগ্র পুস্তকটি তিনি যত্ন ও পরিশ্রম সহকারে দেখিয়া দিয়াছেন, এবং স্থানে স্থানে অংশ বিশেষ পরিবর্তন করিয়াছেন, এবং ইহার সাহায্যে বিশেষরূপে উপকৃত হইয়াছি। এতদ্ব্যতীত বন্ধুবর গুণালকার মহাস্ববির মহোদয়ের

সহায়তাও সময়ে সময়ে লাভ করিয়াছি। সংস্কৃতকলেজের সুপ্রসিদ্ধ
অধ্যাপক মদীয় শ্রদ্ধাভাজন মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ মহাশয়
পুস্তকের সংস্কৃত সংশীর্ষ দেখিয়া দিয়াছেন; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের
ইংরাজি সাহিত্যের অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম্-এ
যত্নের সহিত প্রফুল্লি সংশোধন করিয়াছেন।

* * * * *

শ্রীচারুচন্দ্র বসু

কার্তিক পূর্ণিমা

১৩২৩

চতুর্থ বারের নিবেদন

ধর্মপদের চতুর্থ সংস্করণ এতদিনে প্রকাশিত হইল। অনেক
দিন পূর্বেই পুস্তকখানি প্রকাশিত হওয়া উচিত ছিল। তৃতীয়
সংস্করণ অনেক দিন হইল নিঃশেষ হইয়াছিল। সম্পাদকের শারীরিক
অসুস্থতা ও পারিবারিকবিপদাদি এই বিলম্বের কারণ। পালি
ভাষা-শিক্ষার্থীদের বিশেষ উপযোগী বলিয়া অনেকেই এই পুস্তকের
চতুর্থ সংস্করণ শীঘ্রই প্রকাশ করিতে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু
উপরোক্ত কারণে তাহা সম্ভবপর হয় নাই। পরিশেষে স্বধর্মনিরত
নীরবকর্মী উদারহৃদয় শেঠ, যুগলকিশোর বিড়লা মহোদয়ের বদান্যতায়
ইহা সম্ভবপর হইয়াছে। বিড়লা মহোদয়ের বৌদ্ধধর্ম ও বৌদ্ধ
সাহিত্যের প্রতি ঐকান্তিক অনুরাগ ও শ্রদ্ধা বিশেষ প্রশংসার
তিনি বৌদ্ধধর্ম ও বৌদ্ধসাহিত্যের সেবাসেই আত্মনিয়োগ

করিয়াছেন। এ বিষয়ে তাঁহার বিশেষ চেষ্টা ও উত্তম এবং বহু জনহিতকর কার্য্য তাঁহার উচ্চহৃদয়ের নিদর্শন। বৌদ্ধধর্ম বিষয়ে প্রাচীন গ্রন্থের পুনঃপ্রকাশ ও প্রাচীন বৌদ্ধকীর্ত্তিরাজির সংরক্ষণে তিনি সদাই মুক্তহস্ত। তিনি স্বতঃপ্রবৃত্ত হইয়া এই পুস্তকমুদ্রণের ব্যয়ভার বহন করিয়াছেন ও সেই সঙ্গে অনুবাদকের আন্তরিক কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের মিলনই জাতীয় উন্নতির মূল ভিত্তি। বিড়লা মহোদয় স্ব ইচ্ছায় এই মহামিলনের পৌরহিত্যগ্রহণ করিয়াছেন ও সেই উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার জন্য ব্রহ্মদেশীয় বৌদ্ধ-ভিক্ষু উত্তমকে হিন্দুমহাসভার সভাপতিপদে বরণ করিয়া স্বীয় মহত্বের ও উদারতার পরিচয় প্রদান করিয়াছেন। এই সঙ্গে পণ্ডিত উদ্ভিমিশ্রের প্রতিও অনুবাদক কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়াছেন। বিড়লা মহোদয়ের সদিচ্ছার তিনি প্রধান পৃষ্ঠপোষক। ধর্মপদ পুস্তকখানির প্রকাশে বিলম্ব হইতেছে অবগত হইয়া তিনি স্ব ইচ্ছায় আমার নিকট আগমন করেন এবং পুস্তক প্রকাশে যথোচিত সাহায্যদানে অগ্রসর হন। চতুর্থ সংস্করণ প্রকাশার্থ সিংহলবাসী ছাত্র মদীয় স্নেহভাজন ব্রহ্মচারী বিমলানন্দ অশেষপ্রকারে সহায়তা করিয়াছেন; এই নিমিত্ত তাঁহাকেও ভালবাসা ও আশীর্বাদ জানাইতেছি ও তাঁহার শারীরিক ও মানসিক উন্নতি কামনা করিতেছি। বাঙ্গালী বৌদ্ধসাধারণের প্রতি আমার বিনীত নিবেদন এই যে যেরূপ উৎসাহ ও আনন্দের সহিত তাঁহারা প্রথম হইতেই পুস্তকখানি গ্রহণ করিয়াছিলেন, আশাকরি অতঃপর সেইরূপ প্রকার সহিত এই চতুর্থ সংস্করণও গ্রহণ করিবেন। প্রায় ৪২ বৎসর হইল, আমি বৌদ্ধধর্মের আলোচনায় আত্মনিয়োগ করিয়াছি ও ইহার উন্নতি ও প্রসারে আনন্দলাভ করিয়াছি। আমি এক্ষণে বৃদ্ধ হইয়াছি—দৃষ্টিশক্তি ক্রমেই ক্ষীণ হইতেছে,—

অধিকদিন জীবিত থাকিব সে আশাও আমার কম। আমার স্বদেশবাসীগণ অনুগ্রহপূর্বক ইহাই আমার বৌদ্ধধর্মের শেষদান বলিয়া গ্রহণ করিবেন,—এরূপ আশা করিতেছি।

মহাবোধি সোসাইটির প্রতিষ্ঠাতা আমার শ্রদ্ধেয় বন্ধু পরলোক-বাসী মুক্তপ্রাণ ভিক্ষু ধর্মপাল এই পুস্তক প্রণয়নে ও পূর্ব পূর্বসংস্করণ মুদ্রণে যথেষ্ট সাহায্য করিয়াছেন। এক্ষণে তিনি সাধনোচিত ধামে অবস্থান করিতেছেন। তাঁহার পবিত্রশ্রুতির উদ্দেশে আমার গভীর শ্রদ্ধা জ্ঞাপন করিতেছি। তিনি যেরূপ শ্রদ্ধার চক্ষে এই পুস্তকখানি নিরীক্ষণ করিতেন আশা করি মহাবোধিসোসাইটির বর্তমান সম্পাদক মদীয় প্রীতিভাজন ব্রহ্মচারী দেবপ্রিয় সেইরূপ শ্রদ্ধার সহিত পুস্তকখানি দেখিবেন ও নিজের 'দেবপ্রিয়' নামের সার্থকতা সাধন করিবেন। হিন্দু ও বৌদ্ধ সমাজের মিলনই এ দেশের উন্নতির মূল। হিন্দু ও বৌদ্ধ এই উভয় ধর্মই ভারতেই উৎপন্ন হইয়াছে, ভারতবর্ষই উহাদের সাধনক্ষেত্র, আমার স্বদেশবাসীগণের প্রতি আমার নিবেদন এই যে, যাহারা এ ক্ষেত্রে কার্য্য করিতেছেন ও করিবেন, তাঁহারা যেন এই উচ্চ আদর্শ সন্মুখে রাখিয়া কার্য্যক্ষেত্রে অগ্রসর হন এবং এই মহৎ উদ্দেশ্যের সফলতা সাধন করেন।

শ্রীযুক্ত তারাপ্রসন্ন ঘোষ বর্মা এম, এ মহোদয়ের প্রতি ও আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি। তিনি অনেক সময়ে নিজকার্য্যের ক্ষতি স্বীকার করিয়াও সদাই প্রফুল্লচিত্তে এই পুস্তকের প্রুফ দেখিয়া দিয়াছেন এবং বিবিধ প্রকারে মুদ্রন কার্য্যের সহায়তা করিয়াছেন।

১লা জানুয়ারী, }
১৯৩৬

শ্রীচারুচন্দ্র বসু।

সূচী

পঠমক ভাণবারং ।

(প্রথম ভাগ)

অধ্যায়			পৃষ্ঠা
যমক বগ্গো	...	পঠমো	১
অপ্পমাদ বগ্গো	...	দুতিয়ো	১৫
চিত্ত বগ্গো	...	ততিয়ো	২২
পুপ্ফ বগ্গো	...	চতুথো	২৮
বাল বগ্গো	...	পঞ্চমো	৩৭
পত্তিত বগ্গো	...	ছট্টো	৪৮
অরহন্ত বগ্গো	...	সত্তমো	৫৭
সহস্স বগ্গো	...	অট্টমো	৬৫
পাপ বগ্গো	...	নবমো	৭৪
দণ্ড বগ্গো	...	দসমো	৮৩
জ্জরা বগ্গো	...	একাদসমো	৯৩
অত্ত বগ্গো	...	দ্বাদসমো	১০০
লোক বগ্গো	...	তেরসমো	১০৬
বুদ্ধ বগ্গো	..	চতুদসমো	১১৩

দ্বিতীয়ো ভাণবারং ।

(দ্বিতীয় ভাগ)

স্বথ বগ্গো	...	পঞ্চদসমো	...	১২৪
পিয় বগ্গো	...	সোলসমো	...	১৩১
কোধ বগ্গো	...	সত্তরসমো	...	১৩৮
মল বগ্গো	...	অট্ঠারসমো	...	১৪৬
ধম্মট্ঠ বগ্গো	...	একুনবিসতিমো	...	১৫২
মগ্গ বগ্গো	...	বীসতিমো	...	১৬৮
পকিণ্ণক বগ্গো	...	একবীসতিমো	...	১৭৮
নিরয় বগ্গো	...	দ্বাবীসতিমো	...	১৮৭
নাগ বগ্গো	...	তেবীসতিমো	...	১৮৭
তণ্হা বগ্গো	...	চতুবীসতিমো	...	২০৮
ভিক্খু বগ্গো	...	পঞ্চবীসতিমো	...	২২৮
ব্ৰাহ্মণ বগ্গো	...	ছব্বীসতিমো	...	২৪৪

নির্ভিতো ।

(সমাপ্ত)

OPINIONS ON "DHAMMAPADA."

DARJEELING,
April 29, 1904.

DEAR SIR,

I thank you very much for the copy of your Bengali translation of *Dhammapada* which you have kindly presented to me. There is nothing in the entire range of Buddhist literature more pure and more elevated than this collection of moral precepts and maxims and it foreshadows in a most remarkable manner the highest teachings of the Christian gospels.....However that may be, the book you have now translated into Bengali *for the first time* is of world wide celebrity. It has been translated into many European languages, and the late Professor Max Muller translated it into English in his sacred Books of the East series. You have done well in placing this work before the Bengali readers and the Pali text which you have given together with your notes, will be of great help to students.

Yours very truly,
(Sd.) ROMESH DUTT, I.C.S., C.I.E.

85, GREY STREET, CALCUTTA, ...
June, 4, 1904.

MY DEAR BABU CHARU CHANDRA,

I am very much pleased with your book *Dhammapada*. The book had its origin in India and is still one of the most valuable books of the world. But though translated in Latin and most of the western European languages, it had not any Indian shape and was not accessible to ordinary Indian people until now. I thank you heartily for the work you have done to Bengali literature.

Your translations into Sanskrit and Bengali are excellent. Hope the Government and the public will find their way to encourage you in the publication of similar works.

Yours Sincerely,
(Sd.) SARADA CHARAN MITTER,

সঞ্জীবনী—ধম্মপদ।—ধম্মপদের বিশেষত্ব এই যে, ইহার মধ্যে আজগুবি গল্প নাই। অনেক ধর্মগ্রন্থে বহু আবর্জনা ঘাঁটিয়া দুই একটি সত্য প্রাপ্ত হওয়া যায়। কিন্তু ধম্মপদে আগাগোড়া নিরেট উপদেশ! বুদ্ধদেব স্বয়ং যে সকল উপদেশ শিষ্যদিগকে দিয়াছেন, তাহাই একত্র করিয়া এই গ্রন্থ রচনা করা হইয়াছে। *** বাবু চারুচন্দ্র বসু ধন্য যে ভারতের গুপ্ত রত্ন তিনি বাঙ্গালা ভাষায় অনুবাদ করিয়া বাঙ্গালীর নিকট তাহা প্রকাশ করিয়াছেন। অনুবাদকার্যে চারুবাবু অত্যন্ত লিপিকৌশল প্রদর্শন করিয়াছেন। তাহার ভাষা অতি প্রাজ্ঞল ও হৃদয়ানন্দকারী! ৬ই জ্যৈষ্ঠ, ১৩১১।

বসুমতী—আমরা একখানি অতি উৎকৃষ্ট পুস্তক উপহার পাইয়াছি। পুস্তকখানির নাম ‘ধম্মপদ’। ‘ধম্মপদ’, বৌদ্ধদিগের ধর্মগ্রন্থ; এই পুস্তকের এক একটা শ্লোক, এক একটা অমূল্য রত্ন; ধর্মপিপাসু নরনারীর এই শ্লোকগুলি কণ্ঠস্থ করিয়া রাখা উচিত; এই সুন্দর ধর্মগ্রন্থ যাহাতে প্রত্যেক গৃহস্থের গৃহে রক্ষিত হয়, তাহার জন্ম আমরা সন্নির্বন্ধ অনুরোধ করিতে পারি। এমন অমূল্য রত্নের আদর না হইলে বুঝিব, আমাদের মানুষ হইতে বিলম্ব আছে। ৮ই জ্যৈষ্ঠ, ১৩১১।

বঙ্গবাসী—ধম্মপদ গ্রন্থখানি উপাদেয় হইয়াছে। ছাপা ও কাগজ ভাল। অনুবাদ, ব্যাখ্যা ও অঙ্কন সুন্দর। সাহিত্যানুরাগিমাত্রেরই ইহা পড়া উচিত। ৪ঠা আষাঢ়, ১৩১১।

বান্ধব—“ধম্মপদ”.....গ্রন্থের মূল ও বাঙ্গালা অনুবাদ প্রকাশ বাঙ্গালা সাহিত্যের একটা স্মরণীয় ঘটনা। বঙ্গদেশে অথবা সমগ্র ভারতবর্ষে শ্রীমন্তগবদীতার যে স্থান, বৌদ্ধজগতে অর্থাৎ ‘সিংহল, ব্রহ্ম, শ্যাম, চীন, জাপান ও তিব্বত প্রভৃতি দেশে ধম্মপদের সেই স্থান। ইহার প্রত্যেক পদই বিবেক-বৈরাগ্যমূলক ধর্মজ্ঞানের সোপান বলিয়া ইহা ধম্মপদ নাম লাভ করে। পৃথিবীর সমস্ত প্রসিদ্ধ দেশেই এই দুর্লভ ও দেববাকুপ্রতিম

মহাগ্রন্থের অনুবাদ ও অর্থব্যাখ্যা আছে। বঙ্গভাষায় এই প্রথম ইহার অনুবাদ প্রকাশিত হইল; সুতরাং অনুবাদক চরুচন্দ্র বসু এই কার্য দ্বারা বঙ্গীয়শিক্ষিত সমাজের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। আমরা তাঁহাকে হৃদয়েব সহিত ধন্যবাদ প্রদান করি।**** আষাঢ়, ১৩১১।

ভারতী—“ধম্মপদ”—কিরূপে ষড়রিপুকে সম্পূর্ণরূপে বিধ্বস্ত করিয়া সংসার-সংগ্রামে আত্মজয়ী হওয়া যায়, তাহা এই ধম্মপদ গ্রন্থে যেরূপ আছে, বোধ হয় অন্য কোথাও তাহার এরূপ পূর্ণাঙ্গ বিবৃতি নাই, এই গ্রন্থ খৃষ্টানের বাইবেলকে এবং হিন্দুর অসংখ্য ধর্মগ্রন্থকে প্রবাবাস্বিত করিয়াছে, ইহা মনুষ্যচরিত্রকে কল্পনার নিবিড় বাহু হইতে অব্যাহতি প্রদান করিয়া কর্মের উপর স্থাপন পূর্বক গরীয়ান করিয়া তুলিয়াছে। এই পুস্তকখানি যিনি পড়িবেন তাঁহারই আত্মানুসন্ধানে দৃষ্টি পড়িবে। তিনিই অসংযত প্রবৃত্তিনিচয়কে শাসনের গণ্ডিতে আনিবার জন্ত ক্ষণতরেও চেষ্টিত হইবেন, বুদ্ধদেবের শ্রীমুখের বাণী বিফল হইবার নহে, উহার কণিকাপ্রসাদেও আমরা ধন্য হইতে পারি। চারুবাবু এই পুস্তক সম্পাদনে যে কৃতিত্ব দেখাইয়াছেন, তাহা শ্রদ্ধার উদ্রেক করে।

হিন্দু পত্রিকা—“ধম্মপদ” পালি ভাষায় বিরচিত বৌদ্ধ-ধর্মগ্রন্থ। ধম্মপদ অমূল্য রত্নের আকর। এই গ্রন্থের এক একটা শ্লোক নৈতিক রাজ্যের এক একখানি কোহিনুর। বৌদ্ধধর্ম নীতিপ্রধান ধর্ম; “ধম্মপদ” স্ননীতিপূর্ণ। জগতের সর্বজনীন নীতিসূত্র সকলেই এই গ্রন্থের অবয়ব।

* * * * *

কিন্তু ছুরদৃষ্টবশে এ দেশে এ রত্নের সম্মান সংরক্ষিত হয় নাই। শ্রদ্ধেয় চারুবাবু বঙ্গের পক্ষ হইতে দেশের সে কলঙ্ক মোচন করিলেন। তিনি আন্তরিক ধন্যবাদের পাত্র। বঙ্গভাষায় ইহার এরূপ সুন্দর সংস্করণ প্রকাশিত হওয়ায় বঙ্গভাষার গৌরব বৃদ্ধি হইল, সন্দেহ নাই। তিনি এই গ্রন্থ-সম্পাদনে যথেষ্ট আয়াস স্বীকার করিয়াছেন।

তাঁহার সাধুচেষ্ঠা সফল হইয়াছে। চারুবাবু গ্রন্থখানিকে সৰ্ব্বাঙ্গসুন্দর করিয়াছেন। আষাঢ়-শ্রাবণ, ১৩১১।

উদ্বোধন—গীতার মত যেরূপ বিশ্বজনীন ও উদার, ধম্মপদের তদ্রূপ। স্মৃতরাং এ গ্রন্থ বৌদ্ধগণ যেরূপ ভক্তিভাবে পাঠ করিয়া থাকেন, হিন্দু, মুসলমান, খ্রীষ্টিয়ান প্রভৃতি অপরাপর ধর্মাবলম্বীগণও তদ্রূপ শ্রদ্ধার সহিত পাঠ করিতে পারেন। যাহারা পালিভাষা শিক্ষা করিতে চান, তাঁহারা এই পুস্তকখানি হইতে অনেক সাহায্য পাইবেন। পালিভাষার আবরণে যে সকল অমূল্য রত্ন লুক্কায়িত আছে, সেই সকল আমাদের দেশীয় সমস্ত ভাষায় প্রকাশিত হইলে দেশের এক নূতন যুগ আরম্ভ হইবে। ১৫ আষাঢ়, ১৩১১।

নব্যভারত—“ধম্মপদ”—এতদিন পর এই অত্যাবশ্যকীয় পুস্তকখানি বাঙ্গালা ভাষায় অনূদিত হইয়া প্রকাশিত হইয়াছে দেখিয়া আমরা যারপরনাই আনন্দিত হইলাম। বুদ্ধতথাগতের অমূল্য উপদেশসকল এতদিন বাঙ্গালীর নিকট অন্ধকারাচ্ছন্ন ছিল; চারুবাবুর চেষ্ঠায় সে অন্ধকার এতদিনে বিদূরিত হইয়াছে। আমরা এই পুস্তকখানি পাঠ করিয়া অত্যন্ত উপকৃত হইয়াছি।

বাঙ্গালা ভাষা ধন্য যে, ক্রমে ক্রমে নানাভাষার রত্নভূষণে ইহা অলঙ্কৃত হইতেছে। প্রতি শ্লোকের সংক্ষেপে টীকা ও অনুবাদ দেওয়া হইয়াছে। এ পুস্তকের এ দেশে খুব আদর হইবে, আমরা আশা করি। ১৩১১।

বঙ্গদর্শন—জগতে যে কয়টি শ্রেষ্ঠ ধর্মগ্রন্থ আছে, “ধম্মপদ” তাহার একটি। * * * * সম্প্রতি শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় ধম্মপদ গ্রন্থের অনুবাদ করিয়া দেশের লোকের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

হিতবাদী—ধম্মপদ । চারুবাবু পালি ধম্মপদ নামক গ্রন্থের মূল, অনুবাদ, অর্থ ও সংস্কৃত ব্যাখ্যা এইভাবে প্রকাশিত করিয়া বঙ্গসাহিত্যের ও সকল ভাষানুরাগী পণ্ডিতের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন । চারুবাবু যেরূপ যত্ন ও অধ্যবসায় সহকারে গ্রন্থ সম্পাদন করিয়াছেন, ইহাতে বঙ্গীয় পাঠকের যেরূপ সুবিধা হইয়াছে, তাহাই বা আমরা কিরূপে বুঝাইয়া দিব ?..... তাহাতে আশা করা যাইতে পারে যে, চারুবাবুর পরিশ্রমের ফল অনেকেই আনন্দের সহিত উপভোগ করিবেন । ভরসা করি, গ্রন্থখানির বহুল প্রচার হইবে ।

PRESIDENCY COLLEGE, CALCUTTA.

March 6, 1906.

My Dear Charu Babu,

I need not expatiate on the importance of the Dhammapada. Apart from its literary importance as an unsectarian moral code, it has the additional merit of being the best Pali book for beginners. Any one in Bengal who wishes to study Pali cannot do better than read your edition of Dhammapada.....your version is better than any other version I know of, and is as good as that of Dr. Neumann in German which Professor Rhys Davids considers to be the best version extant.....I could cite numerous other examples to prove the superiority of your rendering to that of.....

I remain,

Yours Sincerely,

(Sd.) HARINATH DE.

Dhammapada one of the most important canonical works of the Buddhists has been admirably edited by Babu Charu Chandra Bose. The translator has an accurate knowledge of the Pali language and his prose rendering and sanskrit notes to this popular work are all that they should be. * * * *

Englishman, June, 9, 1904.

Among books *Dhammapada* by Babu Charu Chandra Bose, being a correct reproduction of the far famed Pali Scripture with admirable Sanskrit and Bengali rendering is a monument of patient industry in the cause of advancement of religion and morality.

The Central Hindu College Magazine, July, 1904.

Dhammapada by Babu Charu Chandra Bose' is unquestionably one of the most noteworthy publications of the current year. The translator Babu Charu Chandra Bose, has rendered a public service by bringing out this admirable edition, which evinces much patient industry...

Bengali, June, 1904.

Dhammapada is a well-known Buddhist work written in the Pali language. Babu Charu Chandra Bose has brought out an edition of it admirably suited to the requirements of Bengali readers. * * * The author has long been a student of Pali and of Buddhists works and he may be regarded as an expert in these subjects. We

have looked at the Sanskrit and Bengali translations and find them to be singularly lucid and precise. * * * Every attention has been apparently paid to accuracy, simplicity and method. It is small in size, simple and direct in language and seems to demand only a moderate knowledge of Pali. *Indian Nation, May 23rd, 1904.*

The moral and spiritual teachings embodied in the book, are not only simple, deep and telling but quite consistent with the highest and best teachings of all the scriptures of the world. One has only to read them in order to be charmed with their beauty, wealth and directness, * * * Babu Charu Chandra Bose, the compiler of the book, has laid the Bengali community under deep obligations by a timely publication of the work which, we trust, will be largely patronised by the public.

•
Indian Mirror, June 14, 1904.

Dhammapada is one of the oldest and most popular works of Buddhism in Pali language. It is a portion of the Tripitaka, and takes the place of the Gita among the Buddhist. It has already been translated into many European languages. Mr. Basu is to be congratulated on the excellence of his work which is indeed a welcome addition to the Bengali language. *Prabudha Bhārata.*

नमो तस्मै भगवतो अरहतो सम्मासम्बुद्धस्य

धम्मपद

यमकवग्गो

पठमो

स्थान—श्रावस्ती ... व्यक्ति चक्षुपाल धेर

- १ मनोपूर्वङ्गमा धम्माः मनोसेट्ठा मनोमया,
मनसा चे पदुत्तेन भासति वा करोति वा
ततो नं दुक्खमस्येति चक्कं व बहतो पदं । १

अन्वय ।—धम्मा मनोपूर्वङ्गमा मनोसेट्ठा मनोमया । पदुत्तेन मनसा चे
भासति वा, करोति वा, ततो चक्कं बहतो पदं व नं
दुक्खमस्येति ।

१ । बौद्धग्रन्थे धम्म शब्देर विभिन्न प्रकारेण अर्थं दृष्टं इति । धम्म शब्दे
अनेके स्थले पदार्थं मात्रकेहि वुच्यते, तदनुसारेण प्रथमं पादेन अर्थं इति चेत्,
'मनेन साहाय्यं व्यतीतं कोनं पदार्थेण ज्ञानं इति ना' । अपरं मते धम्म अर्थे
कर्म्म अर्थात् सत् वा असत् कार्याके वुच्यते । ताहादेर मते पुण्यं वा पापं कार्यं
मनेन सङ्गवशतः पुण्यं वा पापं नामे अभिहितं इति । केह केहं वसेन धम्म
अर्थे मनेन भावो वा अवस्थाने वुच्यते । ताहादेर मते मनेन सहकारिता वशतः
जीवे भावस्तु वा अवस्थानं वुच्यते । साधारणतः धम्म शब्देर चारि प्रकारे
अर्थं दृष्टं इति । गुण, देसना, परिश्रमो ओ निसिद्धि । वेदना, संज्जा ओ संस्कार एहि
त्रिविधे ऋक्के निःसङ्गं वा निर्जीवं धम्मं नामे अभिहितं इति । वेदना, संज्जा ओ
संस्कार एहि तिन ऋक्केर साधारणं नाम धम्मं । मनो वा चित्तं इति चेत् विज्ञानं ऋक्के
अर्थात् विज्ञानं ऋक्के वा मनेन सहकारिता भिन्नं वेदना, संज्जा ओ संस्कार एहि त्रिविधे
ऋक्केर उपलब्धिं इति चेत् पावे ना । किञ्च एहि स्थले धम्म अर्थे गुणं धम्मं वुच्यते इति ।

সংস্কৃত ।—ধর্ম্যাঃ মনঃপূর্বঙ্গমাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোময়াঃ (মানসাত্মকাঃ) ।
 প্রদুষ্টেন মনসা চেৎ (কোহপি) (কিক্ণিৎ) ভাষতে, (কিক্ণিৎ)
 কুরোতি বা, ততঃ চক্রম্ বহতঃ (বলীবর্দশ্চ) পদমিব এনং
 (পুরুষম্) দুঃখমশ্বেতি (অনুসরতি) ।

অনুবাদ ।—মন বেদনাদি ধর্ম সমূহের পূর্বগামী, মনই ধর্ম সমূহের মধ্যে
 শ্রেষ্ঠ (প্রধান), এবং ধর্ম মনোময় (অর্থাৎ ধর্ম মন হইতেই
 উৎপন্ন হয়) । (মনুষ্যের স্বভাব বা চিন্তা মনের দ্বারাই
 অনুপ্রাণিত ও পরিচালিত হয় । জীবের চৈতন্যিক ভাবসমূহ
 মন হইতেই উৎপন্ন হয় ও মনের স্বভাব প্রাপ্ত হয়) । যদি
 কেহ দূষিতাস্তঃকরণে কথা কহে, বা কার্য্য করে, তবে চক্র
 যেমন ভারবাহী বলীবর্দের পদচিহ্ন অনুসরণ করে—দুঃখও
 তাহাকে সেইরূপ অনুসরণ করে ।

শ্রাবস্তী

...

মটুকুণ্ডলী

২ মনোপূর্বঙ্গমা ধর্ম্যা মনোসেষ্ঠা মনোময়া,
 মনসা চে পসম্নেন ভাসতি' বা কুরোতি বা,
 ততো নং সুখমশ্বেতি' ছায়া ব অনপায়িনী । ২

অর্থ ।—ধর্ম্যা মনোপূর্বঙ্গমা মনোসেষ্ঠা মনোময়া । পসম্নেন মনসা চে
 ভাসতি বা, কুরোতি বা, ততো অনপায়িনী ছায়া ব নং
 সুখমশ্বেতি ।

মনো পূর্বঙ্গমো এতেসস্তি মনোপূর্বঙ্গমা (মন পূর্বগামী ইহাদের এই হেতু
 ইহারা মন পূর্বগামী) । বেদনাদি স্বকৃত্রয়ের পূর্বগামী মন ; মন ইহাদের
 উৎপত্তির হেতু । বেদনাদি মনের সহিত একই স্থানে একই বস্তু অবলম্বন
 করিয়া, পূর্বেও নহে পরেও নহে একই ক্ষণে উৎপন্ন হয়, এবং মনের উৎপত্তির
 উপর ইহাদের উৎপত্তি নির্ভর করে, মন উৎপন্ন না হইলে ইহারাও উৎপন্ন হয়
 না, এই হেতু মন ইহাদের পূর্বগামী ।

১ । ভাসতী । ২ । 'সুখ' অর্থে এ স্থলে বিপাক সুখ, ইহা পূর্বাপর কুশল

সংস্কৃত ।—ধর্মঃ মনঃপূর্বঙ্গুমাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোময়াঃ । প্রসন্নেন
(নিশ্চলেন) মনসা চেৎ (কোহপি) (কিঞ্চিৎ) ভাষতে,
(কিঞ্চিৎ) কুরোতি বা, ততঃ অনপায়িনী ছায়া ইব এনং
সুখমশ্বেতি (অনুসরতি) ।

অনুবাদ ।—মনই ধর্ম সমূহের পূর্বগামী, মনই ধর্ম-মধ্যে প্রধান পদার্থ,
এবং ধর্ম মন হইতেই উৎপন্ন হইয়াছে । যদি কেহ নিশ্চলান্তঃ-
করণে কথা কহেন, কিংবা কার্য করেন, তবে সুখ তাহাকে
সর্বদা ছায়ার গায় অনুসরণ করে ।

শ্রাবস্তী-জেতবন ... খুল্লতিস্ স থের

৩ ‘অক্কোচ্ছি মং অবধি মং অজ্জিনি মং অহাসি’ মে,
যে চ’ তং উপনহন্তি বেরং তেসং ন সম্মতি ! ৩

অর্থ ।—‘মং অক্কোচ্ছি, মং অবধি, মং অজ্জিনি, মে অহাসি’, যে চ তং
উপনহন্তি তেসং বেরং ন সম্মতি ।

সংস্কৃত ।—মাং অক্রোশীং, ম্হাং অবধীং, মাং অজ্জেষীং, মে (দ্রব্যানি)
অহার্ষীং, যে চ তং উপনহন্তি, তেষাং বৈরং ন শাম্যতি ।

অনুবাদ ।—(লোকে) ‘আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার
করিল, আমাকে পরাস্ত করিল (বিচার, মিথ্যাসাক্ষ্য বা
দোষ অস্বীকার দ্বারা) আমার দ্রব্য অপহরণ করিল’, এই
চিন্তা যাহারা সর্বদা মনে পোষণ করে, তাহাদের বৈরভাব
(ক্রোধ) কখনই শাস্ত হয় না ।

কর্মের ফলমাত্র । ইহা দুই প্রকার—কারিক, চৈতসিক । কার, বাক্য ও
মনের দ্বারা অনুষ্ঠিত পুণ্যকার্যের ফলই সুখ ।

- ১ । তিস্কুপক্ষে ত্রিচীবব বা পিণ্ডপাত্র প্রভৃতি, গৃহস্থ পক্ষে ব্যবহার্য বস্তু ।
- ২ । সিংহলীয় পাঠে ‘চ’ কার দৃষ্ট হয় না।

৪ ‘অকোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে’,
যে তং ন উপনয্হস্তি বেরং তেসূপসম্মতি । ৪

অর্থ ।—‘মং অকোচ্ছি, মং অবধি, মং অজিনি, মে অহাসি’, যে তং নং
উপনয্হস্তি, তেসু বেরং উপসম্মতি ।

সংস্কৃত ।—মাং অকোশীৎ, মাং অবধীৎ, মাং অজৈষীৎ, মে, অহার্ষীৎ যে
তং ন উপনয্হস্তি, তেসু বৈরং উপশাম্যতি ।

অনুবাদ ।—আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার করিল, আমাকে
পরাস্ত করিল, আমার দ্রব্য অপহরণ করিল, এইরূপ চিন্তা
যাহারা মনে স্থান দেয় না, তাহাদের বৈরভাব দূর
হইয়া যায় ।

শ্রাবস্তী—জেতবন ... কালিয়কুথিনী

৫ ন হি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং,
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো । ৫

অর্থ ।—ন হি কুদাচনং ইধ বেরানি বেরেন সম্মন্তি, অবেরেন চ সম্মন্তি
এস সনন্তনো ধম্মো ।

সংস্কৃত ।—ন হি কদাচন ইহ বৈরাণি বৈরেণ শাম্যন্তি, অবৈরেণ চ
শাম্যন্তি, এষঃ সনাতনো ধর্মঃ ।

অনুবাদ ।—ইহ জগতে শক্রতা দ্বারা শক্রতা কখনই দমন করা যায় না,
পরন্তু শক্রতা-শূন্যতা (অক্রোধ) দ্বারা ইহাকে দমন করা
যায় ; ইহাই সনাতন ধর্ম ।

শ্রাবস্তী—জেতবন ... কোসধক ভিক্খু

৬ পরে চ ন বিজানন্তি ময়মেথ যমামসে,

যে চ তথ বিজানন্তি ততো সন্মন্তি মেধগা' । ৬

অর্থ্য ।—পরে চ ন বিজানন্তি ময়ং এথ যমামসে, যে চ তথ বিজানন্তি,

ততো মেধগা সন্মন্তি ।

সংস্কৃত ।—পরে (পণ্ডিতেভ্যঃ ইতরে জনাঃ) ন বিজানন্তি, বয়মত্র যংস্থানঃ

(অস্মাল্লোকাং উপরতা ভবিষ্যামঃ) ; যে চ তত্র (এতৎ)

বিজানন্তি, ততঃ (তেভ্যঃ পুরুষেভ্যঃ) মেধগাঃ (সর্বকলহাঃ)

সাম্যন্তি ।

অনুবাদ ।—মূর্খ ব্যক্তিরাজানে না যে, 'আমরা চিরকাল ইহ-সংসারে

থাকিব না ।' যাহারা তাহা জানেন, তাহাদের সকল কলহ

থামিয়া যায় ।

শ্রাবস্তী ... চুল্লকাল, মহাকাল

৭ স্তভানুপস্টিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং

ভোজনম্হি অমত্তঞ্জুং কুসীতং হীনবীরিয়ং,

তং বে পসহতী মারো বাতো রুঙ্খং ব দুব্বলং । ৭

অর্থ্য ।—স্তভানুপস্টিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং ভোজনম্হি

অমত্তঞ্জুং কুসীতং হীনবীরিয়ং তং (পুগ্গলং) বে মারো

দুব্বলং রুঙ্খং বাতো ব পসহতী ।

৬ । 'পরে...যমামসে'—যে ভিক্কুগণ কলহপ্রিয় ও যাহারা বুদ্ধ উপদেশ প্রতিপালন না করা হেতু অন্তরঙ্গ বলিয়া পরিগণিত নহে, তাহারা জানে না যে, আমরা চিরকাল সংঘ মধ্যে থাকিব না ।

ধেরগাথা, পৃঃ ৩৩, ৫২ ।

১ । 'মেধগা'—এই শব্দ পালিতে 'কলহ' অর্থে ব্যবহৃত হয় ; কিন্তু ইহার ব্যবহার সংস্কৃতে বড় পাওয়া যায় না । ২ । সংস্কৃত বৌদ্ধগ্রন্থে কুসীদ ।

সংস্কৃত ।—অশুভম্ অনুপশ্যন্তং বিহরন্তম্ ইন্দ্রিয়েষু অসংবৃতং ভোজনে
অমাত্রাজ্জং কুসীদং হীনবীৰ্য্যং পুরুষং মারঃ দুৰ্বলং বৃক্ষং বাতঃ
ইব প্রসহতে ।

অনুবাদ ।—যে ব্যক্তি কেবল বাহ্য শোভা অনুসন্ধান করিয়া বেড়ায়,
ইন্দ্রিয় সকল সংযত রাখে না, যে পুরুষ অমিতাহারী, অলস,
এবং হীনবীৰ্য্য (উৎসাহ হীন), দুৰ্বল বৃক্ষকে বায়ু যেমন
পরাহত করে, মার তাহাকেও সেইরূপ পরাহত করে ।

৮ অশুভানুপস্মিং বিহরন্তং ইন্দ্রিয়েষু স্তসংবৃতং,
ভোজনম্হি চ মত্তঞ্ঞুং সন্ধং আরদ্ধবীরিয়ং ;
তং বে নপ্পসহতী মারো বাতো সেলং ব পৰ্বতং । ৮

অর্থ ।—অশুভানুপস্মিং বিহরন্তম্ ইন্দ্রিয়েষু স্তসংবৃতং ভোজনম্হি
মত্তঞ্ঞুং চ সন্ধং আরদ্ধবীরিয়ং; তং (পুগ্গলং) বে মারো
সেলং পৰ্বতং বাতো ব ন প্পসহতী ।

সংস্কৃত ।—অশুভম্ অনুপশ্যন্তং বিহরন্তম্ ইন্দ্রিয়েষু স্তসংবৃতং ভোজনে
মাত্রাজ্জং চ শ্রদ্ধং (শ্রদ্ধাবস্তং) আরদ্ধবীৰ্য্যং পুরুষং বৈ মারঃ
শৈলং (শিলাময়ং) পৰ্বতং বাত ইব ন প্রসহতে ।

অনুবাদ ।—যে ব্যক্তি বাহ্য শোভা অন্বেষণ করিয়া বেড়ায় না,
[শরীরের মলিনতা (অশুভ) সম্যক উপলক্ষি করিয়া থাকেন]
ইন্দ্রিয় সকল স্তসংযত রাখেন, আর যিনি মিতাহারী, শ্রদ্ধাবান্
এবং কৰ্ম্মঠ, বায়ু যেমন শিলাময় পৰ্বতকে প্রতিহত করিতে
পারে না, মারও তাঁহাকে সেইরূপ প্রতিহত করিতে পারে না ।

শ্রাবস্তী—জেতবন •

...

দেবদত্ত

৯ অনিক্সসাবো কাসাবং যো বখং পরিদহেস্‌সতি,
অপেতো দমসচ্ছেন ন সো কাসাবমরহতি । ৯

অর্থ্য।—অনিক্সসাবো যো কাসাবং বখং পরিদহেস্‌সতি দমসচ্ছেন
অপেতো সো কাসাবং ন অরহতি ।

সংস্কৃত।—অনিক্সসায়ো যঃ কাষায়ং বস্ত্রং পরিধাশ্চতি, দমসত্যাভ্যামুপেতঃ
সঃ কাষায়ং ন অর্হতি ।

অনুবাদ।—যে ব্যক্তি, কামরাগাদি-দোষযুক্ত হইয়াও কাষায় বস্ত্র পরিধান
করে, দমহীন ও সত্যহীন সে ব্যক্তি, কখনই কাষায়-
বস্ত্র পরিধানের উপযুক্ত নহে ।

১০ যো চ বস্ত্রকসাবহ্‌স সীলেসু' স্মসমাহিতো,
উপেতো দমসচ্ছেন, স বে কাসাবমরহতি । ১০

অর্থ্য।—যো চ বস্ত্রকসাবো অস্ম সীলেসু (চতুপারিসুদ্বিসীলেসু)
স্মসমাহিতো, দমসচ্ছেন উপেতো স বে কাসাবমরহিত ।

সংস্কৃত।—যশ্চ বাস্ত্রকসায়ঃ অশ্চ শীলেসু স্মসমাহিতঃ, দমসত্যাভ্যামু-
পেতঃ সঃ বৈ কাষায়মর্হতি ।

অনুবাদ।—যিনি কামরাগাদিদোষশূণ্য এবং 'শীল'-সমূহে স্মপ্রতিষ্ঠিত,
দাস্ত্র ও সন্দাবান্—সেই ব্যক্তি অবশ্যই কাষায়• বস্ত্র-
পরিধানের উপযুক্ত ।

১। সীলেসু—এখানে 'শীল' অর্থে 'চতুপারিসুদ্বিসীল' বুঝাইতেছে।
'প্রাতিমোক্সসংবরশীল', 'ইন্দ্রিয়সংবরশীল' 'আজীবপারিসুদ্বিসংবরশীল', 'প্রত্যয়-
সম্মিশ্রিতসংবরশীল', এই কয়েকটিকে 'পারিসুদ্বিসীল' কহে ।

রাজগৃহ—বেণুবন ... ' অগ্গস্‌সাবক সঞ্জয়

১১ অসারে, সারমতিনো সারে চাসারদস্সিনো,

তে সারং নাধিগচ্ছন্তি মিচ্ছাসঙ্কল্পগোচরা' । ১১

অর্থ।—(যে) অসারে সারমতিনো, সারে চ অসারদস্সিনো, মিচ্ছা-
সঙ্কল্পগোচরা তে সারং নাধিগচ্ছন্তি ।

সংস্কৃত।—(যে) অসারে সারমতয়ঃ সারে চ অসারদর্শিনঃ, মিথ্যাসঙ্কল্প-
গোচরাঃ, তে সারং নাধিগচ্ছন্তি ।

অনুবাদ।—যাহারা, অসার বস্তুকে সার বিবেচনা করে এবং সারকে
অসার বিবেচনা করে, মিথ্যাদৃষ্টির প্রশ্রয়দাতা—সেই ব্যক্তি
কখন সার প্রাপ্ত হয় না ।

১২ সারঞ্চ সারতো ঞ্জাত্বা অসারঞ্চ অসারতো ।

তে সারং অধিগচ্ছন্তি সম্মাসঙ্কল্পগোচরা' । ১২

অর্থ।—(যে) চ সারং সারতো ঞ্জাত্বা অসারঞ্চ অসারতো (জানন্তি),
সম্মাসঙ্কল্পগোচরা তে সারং অধিগচ্ছন্তি ।

সংস্কৃত।—(যে) চ সারং সারতঃ জ্ঞাত্বা অসারঞ্চ অসারতঃ (জানন্তি),
সম্যক্‌সঙ্কল্পগোচরাস্তে সারং অধিগচ্ছন্তি ।

অনুবাদ।—কিন্তু যাহারা, সারকে সার পদার্থ বলিয়া জানেন, এবং
অসারকে অসার বলিয়া জানেন, সম্যক্‌ সঙ্কল্পের প্রশ্রয়দাতা—
সেই সকল ব্যক্তিই, সার (পদার্থ) প্রাপ্ত হইবেন ।

১১ ৮ চীনদেশীয় ধম্মপদ, ত্রীযুক্তসামুএল্-বীল্-কৃত ইংরেজী অনুবাদ, পৃঃ ৬৪।

১। সার—বৌদ্ধমতে সার ছয় প্রকাব, যথা—শীলসাব, সমাধিসার,
প্রজ্ঞাসার, বিমুক্তিসার, বিমুক্তিজ্ঞানদর্শনসার ও পবমার্থসার; এই শেষোক্ত
সারই নির্বাণ ।

২। মিথ্যা সঙ্কল্প—কাম-বিতর্ক, ব্যাপাদ-বিতর্ক, বিহিংসা-বিতর্ক ইত্যাদি ।

৩। নৈক্রম্য-সঙ্কল্প, অব্যাপাদসঙ্কল্প ও অবিহিংসা-সঙ্কল্প ।

শ্রাবস্তী—জ্ঞেতবন নন্দধের

১৩ যথাগারং' দুচ্ছন্নং বুট্টী ন সমতিবিজ্ঞাতি

এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঞাতি । ১৩

অন্বয় ।—যথা দুচ্ছন্নং অগারং বুট্টী সমতিবিজ্ঞাতি, এবং অভাবিতং চিত্তং
রাগো সমতিবিজ্ঞাতি ।

সংস্কৃত ।—যথা দুচ্ছন্নং আগারং বৃষ্টিঃ সমতিবিধ্যতি, এবং অভাবিতং
চিত্তং রাগঃ সমতিবিধ্যতি ।

অনুবাদ ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত নহে, অর্থাৎ ছিদ্রযুক্ত, তাহাকে
ভেদ করিয়া যেমন বৃষ্টি প্রবেশ করে—যে চিত্ত ভাবনারহিত
(ধ্যানপরায়ণতাহীন) তাহাতেও সেইরূপ আসক্তি (রাগ,
দ্বेष ও মোহ) প্রবেশ করে ।

১৪ যথাগারং সুচ্ছন্নং বুট্টী ন সমতিবিজ্ঞাতি

এবং সুভাবিতং^১ চিত্তং রাগো ন সমতিবিজ্ঞাতি । ১৪

অন্বয় ।—যথা সুচ্ছন্নং অগারং বুট্টী ন সমতিবিজ্ঞাতি, এবং সুভাবিতং
চিত্তং রাগো ন সমতিবিজ্ঞাতি ।

সংস্কৃত ।—যথা সুচ্ছন্নম্ আগারং বৃষ্টি ন সমতিবিধ্যতি, এবং সুভাবিতং
চিত্তং রাগো ন সমতিবিধ্যতি ।

অনুবাদ ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত, তাহাকে ভেদ করিয়া যেমন
বৃষ্টি প্রবেশ করিতে পারে না—যে চিত্ত ভাবনায়ুক্ত, তাহাতেও
সেইরূপ আসক্তি প্রবেশ লাভ করিতে পারে না ।

১৩—১৪ । চীন ধর্মপদ—পৃষ্ঠা ৬৫ । যে ভিক্ষু ৪০ প্রকার কর্মস্থান
ভাবনা দ্বারা চিত্তকে সংযত করিয়াছেন তাহার মধ্যে রাগ দ্বেষ ও মোহ প্রবেশ-
লাভ করিতে পারে না ।

১ । যথা অগারং । ২ । এই স্থলে সমর্থ ও বিদর্শন ভাবনা বুঝাইতেছে ।

রাজগৃহ—বেণুবন ... চূন্দ-স্কোরিক

১৫ ইধ সোচতি পেচ্চ সোচতি
পাপকারী উভয়ংখ সোচতি,
সো সোচতি সো বিহঞ্জতি
দিস্বা কন্মকিলিট্টমত্তনো । ১৫

অর্থ্য ।—পাপকারী ইধ সোচতি, পেচ্চ সোচতি, উভয়ংখ সোচতি,
অত্তনো কন্মকিলিট্টং দিস্বা সো সোচতি সো বিহঞ্জতি ।

সংস্কৃত ।—পাপকারী ইহ শোচতি, প্রেত্য শোচতি, উভয়ত্র শোচতি,
আত্মনঃ কৰ্ম-ক্লিষ্টং (কৰ্মমালিণ্ডং) দৃষ্ট্বা স শোচতি, স
বিহন্তে ।

অনুবাদ ।—যে পাপ করে, তাহাকে ইহলোকে পরলোকে (উভয়-
লোকেই) শোক করিতে হয় । সে আপনার ক্লিষ্ট কৰ্ম বা
মলিন কৰ্ম দর্শন করিয়া শোক করে ও অত্যন্ত কষ্ট পায় ।

শ্রাবস্তী—জ্ঞেতবন ... ধাম্মিক উপাসক

১৬ ইধ মোদতি পেচ্চ' মোদতি
কতপুঞ্জো উভয়ংখ মোদতি,
সো মোদতি সো পমোদতি
দিস্বা কন্মবিসুদ্ধিমত্তনো । ১৬

অর্থ্য ।—কতপুঞ্জো ইধ মোদতি, পেচ্চ মোদতি, উভয়ংখ মোদতি,
অত্তনো কন্মবিসুদ্ধিং দিস্বা সো পমোদতি ।

সংস্কৃত ।—কৃতপুণ্য ইহ মোদতে, প্রেতা মোদতে উভয়ত্র (মোদতে)

আত্মনঃ কৰ্মবিশুদ্ধিঃ দৃষ্ট্য়া স মোদতে প্রমোদতে ।

অনুবাদ ।—যিনি পুণ্যকৰ্ম করেন—তিনি ইহলোকে পরলোকে
(উভয়লোকেই) আনন্দ লাভ করেন । তিনি আপনার কৰ্মের
(পবিত্রতা) পুণ্যফল দর্শন করিয়া অতীব আনন্দিত হন ।

শ্রাবস্তী—জেতবন

দেবদত্ত

১৭ ইধ তপ্নতি পেচ্চ তপ্নতি পাপকারী উভয়থ তপ্নতি,
পাপং মে কতন্তি তপ্নতি ভীযো তপ্নতি দুর্গতিং

গতো । ১৭

অর্থ ।—পাপকারী ইধ তপ্নতি, পেচ্চ তপ্নতি, উভয়থ তপ্নতি, মে
পাপং কতন্তি তপ্নতি, দুর্গতিং গতো ভীযো তপ্নতি ।

সংস্কৃত ।—পাপকারী ইহ তপ্যতি, প্রেতা তপ্যতি, উভয়ত্র তপ্যতি, ময়া
পাপং কৃতমিতি তপ্যতি, দুর্গতিং গতো ভূয়স্তপ্যতি ।

অনুবাদ ।—যে পাপ করে, (সে আপনার কৃত কৰ্মের ফলভোগ করে)
সে ইহলোকে পরলোকে—উভয় লোকেই তাপ প্রাপ্ত হয় ।
'আমি পাপ করিয়াছি' এই চিন্তা করিয়া সে (ইহলোকে)
তাপ প্রাপ্ত হয়, এবং দুর্গতি লাভ করিয়া পুনরায় তাপ
প্রাপ্ত হয় ।

শ্রাবস্তী—জেতবন ... স্মনাদেবী
 ১৮ ইধ নন্দতি পেচ্চ নন্দতি,
 কতপুঞ্জে উভয়থ নন্দতি,
 পুঞ্জেং মে কতন্তি নন্দতি,
 ভীয়ে্যো নন্দতি স্মগ্গতিং গতো । ১৮

অর্থ—কতপুঞ্জে ইধ নন্দতি, পেচ্চ নন্দতি, উভয়থ নন্দতি মে
 পুঞ্জেং কতন্তি নন্দতি, স্মগ্গতিং গতো ভীয়ে্যো নন্দতি ।

সংস্কৃত—কৃতপুণ্যঃ ইহ নন্দতি, প্রেত্য নন্দতি, উভয়ত্র নন্দতি, যয়া
 পুণ্যং কৃতমিতি নন্দতি, স্মগতিং গতো ভূয়ো নন্দতি ।

অনুবাদ—যে পুণ্য কর্ম করে—সে ইহলোকে পরলোকে—উভয়
 লোকেই আনন্দ লাভ করে । ‘আমি পুণ্যকর্ম করিয়াছি’ এই
 চিন্তা করিয়া, সে (ইহলোকে) আনন্দলাভ করে এবং স্মগতি
 প্রাপ্ত হইয়া পুনরায় আনন্দ প্রাপ্ত হয় ।

শ্রাবস্তী—জেতবন ... ছেসহায়কভিক্খু
 ১৯ বহ্মস্পি চে সহিতং ভাসমানো,
 ন তক্করো হোতি নরো পমত্তো ;
 গোপো ব গাবো গণয়ং পরেসং,
 ন ভাগবা সামঞ্জেস হোতি । ১৯

অর্থ—বহ্মস্পি সহিতং ভাসমানো পমত্তো নরো চে তক্করো ন হোতি,
 (তদা সো) পরেসং গাবো গণয়ং গোপো ব সামঞ্জেস
 ভাগবা ন হোতি ।

সংস্কৃত ।—বহ্নীমপি সংহিতাং (বুদ্ধবচনং, ত্রিপিটকং) ভাষমাণঃ প্রমত্তো
নরশ্চেৎ তৎকরো ন ভবতি, তদা স পরেষাং গাঃ গণয়ন্ গোপ
ইব শ্রামণ্যস্ত ভাগবান্ ন ভবতি ।

অনুবাদ ।—যেমন কোন গোপ, অল্প ব্যক্তির (বহুসহস্র) গাভী
গণনা করিয়াও, তাহার অধিকারী হইতে পারে না, সেইরূপ
যে ব্যক্তি (ভিক্ষু) অনেক শাস্ত্র অর্থাৎ বুদ্ধবচন আবৃত্তি
করেন, বা শিক্ষা দেন অথচ প্রমত্ততাবশতঃ তাঁহার অনুযায়ী
কার্য্য করেন না, (অর্থাৎ অনিত্য, দুঃখ ও অনাত্ম ভাবনা
